পৌঁছে দেওয়া

মসিহ-কেন্দ্রিক
নেতৃত্বের আন্দোলনের ভিত্তিসমূহ

ব্যক্তিগত রূপান্তর,

প্রাতিষ্ঠানিক পরিবর্তন,

ও মিনিস্ট্রির বহুলীকরণের জন্য

নেতাদেরকে বাইবেলের মূল্যবোধ, কৌশল, এবং অনুশীলনের মাধ্যমে সজ্জিতকরণ।

MentorLink INTERNATIONAL
www.mentorlink.org

সূচিপত্র

অধ্যায় ১- মসিহ-কেন্দ্রিক নেতৃত্ব গঠণের আবশ্যকতা

- জামাতের অতিজরুরি প্রয়োজনীতা ১
- পথপ্রদর্শকতা (মেন্টরিং) কী? ২
- রূপান্তরমূলক পথপ্রদর্শকতার সংজ্ঞা ৩

অধ্যায় ২- মসিহ-কেন্দ্রিক নেতৃত্ব গঠণে মৌলিক বিষয়সমূহ

- রূপান্তরমূলক মূল্যবোধের স্থানান্তর ৪
- মূল্যবোধের স্থানান্তর #১: আল্লাহর রাজ্য গোড়ে তোলা ৫
- মূল্যবোধের স্থানান্তর #২: অনুগ্রহের পরিবেশ ৮
- মূল্যবোধের স্থানান্তর #৩: সেবা করার মানসিকতাসম্পন্ন নেতৃত্ব ১১
- মূল্যবোধের স্থানান্তর #৪: সহযোগিতা ও সমাজ ১৪
- মূল্যবোধের স্থানান্তর #৫: নেতাদের উদ্দেশ্যপ্রণদিত সংখ্যাবৃদ্ধি ১৭

অধ্যায় ৩- মসিহ-কেন্দ্রিক নেতৃত্ব গঠণের দক্ষতাসমূহ

- আপনার গল্প বলা ২০
- রূপান্তরমূলক পথপ্রদর্শকতার দক্ষতাসমূহ ২১

অধ্যায় ৪- মসিহ-কেন্দ্রিক নেতাদের একটি আন্দোলন গোড়ে তোলা

- কিতাবে আল্লাহর আন্দোলন এবং বর্তমানের আন্দোলন ২৪
- ‘অন্তরতম-১-২-৩’ হাতিয়ার ২৫
- শুরু করার পদক্ষেপ ২৬
- কর্মপরিকল্পনা ২৭

অতিরিক্ত উপকরণসমূহ

- ব্যক্তি ও দলের জন্য মেন্টরলিঙ্কের উপকরণসমূহ ২৯

মসিহতে আপনাদের সেবা করাকে আমরা সৌভাগ্য বোলে বিবেচনা করি। এই *পৌঁছে দেওয়া!* নামের ম্যানুয়ালটি অনেকে মিলে তৈরি করেছেন এবং বিশ্বের বহু দেশে এটি মাঠপর্যায়ে যাচাইবাছাই করা হয়েছে। আমরা আশা করি যে, আপনাদের মিথস্ক্রিয়া ও এই মূল্যবোধগুলোর প্রয়োগ আমাদের নেতৃত্ব গঠনের অভিযাত্রাকে আরো সমৃদ্ধ করবে।

আমরা আমাদের জীবন ও উপকরণের মাধ্যমে আপনাদের সেবা করার একটি মন নিয়ে এসেছি। আমাদের মোনাজাত ও স্বপ্ন হলো এই যে, প্রত্যেক ইমানদার সমাজের যেনো মসিহের মতো প্রভাববিস্তারকারী নেতা থাকে, এবং নেতাদের সবার জন্য যেনো মসিহের মতো উপযুক্ত পথপ্রদর্শক থাকে। আমরা মোনাজাত করি যে, আপনাদের দেশে ও বিশ্বজুড়ে মসিহের মতো নেতৃত্ব গঠণের তৃণমূল পর্যায়ের আন্দোলনগুলো স্বতঃস্ফূর্ত ও উদ্দেশ্যপ্রণদিতভাবে ছড়িয়ে পড়ুক।

আল্লাপাকের ও আপনাদের সেবায়! দ্য মেন্টরলিঙ্ক টিম।

© ২০২২। সর্বস্বত্ব সংরক্ষিত। এই *পৌঁছে দেওয়া!* ম্যানুয়ালটি কোনোপ্রকার সংস্কার ছাড়া অনুলিপি করার অনুমতি দেওয়া হয়েছে। এই ম্যানুয়ালটি পুনর্বিক্রয়ের উদ্দেশ্যে নয়। MentorLink International, PO Box 80506, Raleigh, NC 27623-0506, USA (off. +919-841-5806)
www.mentorlink.org

অধ্যায় ১- মসিহ-কেন্দ্রিক নেতৃত্ব গঠণের আবশ্যকতা

জামাতের অতিজরুরি প্রয়োজনীয়তা

আমাদের লক্ষ্য: ইসা মসিহের মতো পরিচালানার জন্য নেতৃত্ব গোড়ে তোলা।

আমাদের স্বপ্ন: প্রত্যেকটি ইমানদার সমাজের, মসিহের মতো নেতৃবৃন্দের, এবং প্রত্যেকটি নেতার ও মসিহের মতো পথপ্রদর্শকদের জন্য।



- **ইসা মসিহের মতো পরিচালনা– "ভেতর-বাইরে" থেকে নেতৃত্বের বিকাশ।**
  - ✓ সেবার জন্য আহ্বান
  - ✓ চরিত্র ও অন্তরস্থ বিষয়াবলির প্রতি আলোকপাত
- **ফলাফল– আল্লার রাজ্যের আন্দোলনের জন্য আল্লার রাজ্যের নেতাদের বৃদ্ধি**
  - ✓ নেতাদের ভেতর মহত্তম উৎকর্ষ
  - ✓ নেতাদের সর্বোচ্চ সংখ্যা

এই "রূপান্তরমূলক লড়াইয়ে" আপনাদেরকে স্বাগতম। এই দিনগুলোতো আমরা একসাথে বেড়ে উঠছি বোলে আমরা মোনাজাত করছি, যেনো তিনি আমাদের সবার মাঝে উপস্থিত থাকেন। এই লড়াইয়ে, আমাদের একসাথে চিন্তার, অধ্যয়নের, আলোচনার ও মোনাজাতের সুযোগ রয়েছে বোলে আপনাদের পথপ্রদর্শক দল একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে যাচ্ছেন।

১. আপনাদের জীবনে কখনো কি কোনো গুরুত্বপূর্ণ রুহানি ব্যক্তিত্ব ছিলেন? আপনারা কীভাবে তাঁদেরকে চিত্রিত করবেন? তাঁদের প্রভাব কী ছিলো?

২. এই প্রশিক্ষণ কর্মশালায় অংশ নিয়ে আপনারা কোন অভিজ্ঞতার স্বাদ নিতে চান?

সর্বস্বত্ব সংরক্ষিত

©২০২২ মেন্টরলিংক ইন্টারন্যাশনাল

পথপ্রদর্শকতা (মেন্টরিং) কী?

কিতাবি পথপ্রদর্শকতা

কিছুটা সময় নিয়ে নিচের অনুচ্ছেদগুলো পড়ুন ও আলোচনা করুন।

- ইউহোন্না ১৩:৫-১৫
- ইউহোন্না ১৫:১৩-১৬
- প্রেরিত ১১:২১-২৬
- প্রেরিত ১৮:২৪-২৭
- ২তিমথি ৩:১০-১৫
- ২তিমথি ২:১-২

নিচের প্রশ্নগুলোর আলোকে এসব আয়াতের ভিত্তিতে পথপ্রদর্শকতা সমন্ধে আপনার ভাবনাগুলো লিপিবদ্ধ করুন:

১. একজন প্রভাববিস্তারকারী পথপ্রদর্শকের বৈশিষ্ট্যগুলো কী কী?

২. পথপ্রদর্শনের প্রক্রিয়ায় একজন পথপ্রদর্শক কী করেন?

৩. এই পথপ্রদর্শন প্রক্রিয়ার ফলাফল কী?

রূপান্তরমূলক পথপ্রদর্শকতার সংজ্ঞা

রূপান্তরমূলক পথপ্রদর্শকতা হলো... কারো জীবনপ্রবাহে যুক্ত হবার জন্য পদক্ষেপ গ্রহণ করা, এবং সেই ব্যক্তি যেনো আল্লাহ যা চান তার সবই হতে পারেন এবং তিনি যাকিছু করতে বলেন তার সবই করতে পারেন, সেজন্য তার সাহায্যার্থে আল্লাহর হাতিয়ারগুলোর ভেতর একটিতে পরিণত হওয়া।

১. **<u>পদক্ষেপ</u> গ্রহণ** – স্বেচ্ছামূলক প্রক্রিয়া...
- ☐ আমার পথপ্রদর্শনামূলক সম্পর্কগুলোর মাঝে পরিচালনা ও আল্লাহর রুহের জন্য মোনাজাত করা
- ☐ আল্লাহ আমাকে যা দিয়েছেন তা অন্যদের কাছে "পৌঁছে দেওয়ার" মানসিকতার অধিকারী হওয়া
- ☐ পথপ্রদর্শনের জন্য জায়গা তৈরি করতে আমার অগ্রাধিকার ও সময়সূচির সামঞ্জস্য করা
- ☐ সম্ভাব্য পরামর্শদাতা ও পরামর্শগ্রহিতাদেরকে চিহ্নিত করা
- ☐ পথপ্রদর্শনের উদ্দেশ্যে ইচ্ছাকৃতভাবে সম্পর্ক শুরু করা

২. **কারো জীবনযাত্রায় যোগ দিতে** – সম্পর্কযুক্ত প্রক্রিয়া...
- ☐ আমাদের সম্পর্কের ও তাদের হৃদয়গুলোকে সাজিয়ে তোলার প্রজ্ঞার জন্য ঐশ্বরীক গভীরতা চেয়ে মোনাজাত করা
- ☐ নিয়মিতভাবে একসাথে সময় কাটানো
- ☐ তাদের জীবনপরিক্রমায় যাতে যোগ দেওয়ার অনুমতি পাওয়া যায় সেজন্য আস্থা অর্জন করা
- ☐ অন্যদেরকে গভীরতর ঘনিষ্ঠতায় আমন্ত্রণ জানাতে আমার জীবন ও গল্প যথাযথভাবে উপস্থাপন করা
- ☐ সত্যিকার অর্থে অন্যদের মন বোঝার জন্য শোনা
- ☐ বৃদ্ধির প্রয়োজনীয় ক্ষেত্রগুলো যাতে উপলব্ধি করা যায়, সেজন্য পরামর্শগ্রহিতার জীবনের প্রধান প্রধান সম্পর্কযুক্ত অঞ্চলগুলো (আল্লাহ, পরিবার, টাকাপয়সা, ধর্মীয় কর্মকাণ্ড প্রভৃতি) পর্যবেক্ষণ করা।

৩. **সাহায্য করার জন্য আল্লাহর একটি হাতিয়ার <u>হয়ে উঠুন</u>** – অনুকরণীয় প্রক্রিয়া ...
- ☐ আমার ভেতর রুহের উপস্থিতি ও শক্তির জন্য মোনাজাত করা
- ☐ মসিহের একজন অনুসারী হিসেবে আমার নিজের জীবনে আজীবন শেখার এবং বৃদ্ধির দৃষ্টান্ত স্থাপন করা
- ☐ আমার নিজের বৃদ্ধি, বিষয়াদি ও সংগ্রামের ব্যাপারে পরামর্শগ্রহিতাদের কাছে সৎ ও স্বচ্ছ হওয়া
- ☐ অন্যদের জন্য আমার অবদান সম্পর্কে বিনম্র ও বাস্তববাদী থাকা
- ☐ পরামর্শগ্রহিতাদের জীবনে যাঁদের প্রভাব আছে, তাঁদের সাথেও সহযোগিতা করা
- ☐ আমাদের সম্পর্কের ভেতর একটি নিয়ন্ত্রণপ্রবন মনোভাব বনাম সেবার মানসিকতা বজায় রাখা

৪. **সেই ব্যক্তি যেনো আল্লাহ যা চান তার সবই হতে পারেন এবং তিনি যাকিছু করতে বলেন তার সবই করতে পারেন, সেজন্য তাকে সাহায্য করা** – রূপান্তরমূলক প্রক্রিয়া ...
- ☐ আল্লাহর কাছে মোনাজাত করা যেনো তিনি নিজেকে এবং তাঁর আহ্বান তাদের জীবনে প্রকাশ করেন
- ☐ এমন কঠিন প্রশ্ন জিজ্ঞেস করা যা ভাবনা ও স্বমূল্যায়নকে চাঙ্গা করবে
- ☐ বৃদ্ধির জন্য সহায়ক এমন প্রত্যেকটি ইতিবাচক পদক্ষেপকে উৎসাহিত করা
- ☐ একে অপরের সাথে এবং অন্যদের সাথে ব্যক্তিগত গল্প বলার ব্যাপারে সম্পৃক্ত হওয়া
- ☐ তাদের জন্য আল্লার পরিকল্পনা (গুণাবলী, সামর্থ্য, আবেগ) ও আহ্বান চিহ্নিত করতে ও তার বিকাশ ঘটাতে তাদেরকে সাহায্য করা
- ☐ বৃদ্ধির সেই অঞ্চলগুলোকে চিহ্নিত করতে তাদেরকে সাহায্য করা, যা আল্লার আহ্বানকে বাধাগ্রস্ত করে
- ☐ ব্যক্তিগত বৃদ্ধির লক্ষ্যে একসাথে মোনাজাত করা, এবাদত করা ও কিতাব অধ্যয়ন করা
- ☐ ব্যক্তিগত বৃদ্ধির জন্য অন্যদের সাথে যোগাযোগ স্থাপন করা
- ☐ তাদের জন্য উপযুক্ত জবাবদিহিতার প্রস্তাব করা
- ☐ অবদান রাখার জন্য আমার সামর্থ্যের বাইরে গিয়ে লোকটি যাতে বৃদ্ধি পেতে পারে, সেজন্য তাকে স্বাধীন কোরে দেওয়া
- ☐ পথপ্রদর্শকের ও নিজেদের সংখ্যাবৃদ্ধির দিকে তাদেরকে চ্যালেঞ্জ জানানো

সর্বস্বত্ব সংরক্ষিত

©২০২২ মেন্টরলিংক ইন্টারন্যাশনাল

অধ্যায় ২- মসিহ-কেন্দ্রিক নেতৃত্ব গঠণে মৌলিক বিষয়সমূহ

আমাদের রুহানি "অক্ষমতা"

আমাদের সকলেরই একটি *রুহানি অক্ষম কাঠামো* আছে, বাইবেলে যেটিকে "মাংস" বলা হয়েছে। মাংস আমাদের পুরোনো স্মৃতি ও পতিত মানবতার অভ্যাসসহ আমাদের শারীরিক গঠনপ্রণালীকে বোঝায়।

মাংস বনাম রুহ

কোনো ব্যক্তি যখন নতুন জন্ম প্রাপ্ত হয়, তখন একটি সম্পূর্ণ নতুন গতিশীলতা বাস্তবে রূপ নেয়। রুহুল-কুদ্দুসের সত্তার মাঝে আমাদের একটি নতুন প্রকৃতি ও একটি নতুন সংস্থান আছে। কিন্তু যদি না আমরা পাকরুহের ওপর নির্ভর করি (গালাতীয় ৫:১৬-২৫; রোমীয় ৮:১-১৩), তাহলে আমাদের "অক্ষম দৈহিক কাঠামো" নিজেকে জাহির করবে।

নেতৃত্বের মাংস

সংস্কৃতি, ভাষা কিংবা ধর্মসম্প্রদায় নির্বিশেষে জাগতিক নেতারা যেসব মাংসিক প্রবণতা প্রদর্শন করে,ইসায়ী নেতারাও তার অনেকগুলো প্রদর্শন করে থাকেন: নিয়ন্ত্রণ, ক্ষমতা, ভণ্ডামি, অহঙ্কার এবং আরো অন্যান্য। যে-নেতা ইসার মতো নেতৃত্ব দেন, তিনি রুহুল-কুদ্দুসের শক্তিতে পথ চোলে এবং তাঁর রূপান্তরমূলক মূল্যবোধগুলোকে অনুশীলন করার মাধ্যমে মসিহকে অনুসরণ করেন।

রূপান্তরমূলক মূল্যবোধের স্থানান্তর

নেতৃত্বের গুণাবলী ত্যাগ এবং মাংসিক অনুশীলন		নেতৃত্বের গুণাবলীর অনুসরণ এবং রুহুল-কুদ্দুসের অনুশীলন
ব্যক্তিগত সাফল্য বিনির্মাণ এমনটি বিশ্বাস করা ও কাজ করা, যেনো আল্লাহ মূলত আমার, আমার ধর্মীয় কর্মকাণ্ড, কিংবা প্রতিষ্ঠানের ভেতর দিয়ে এই জগতে কাজ করছেন; এমনটি বিশ্বস করা ও অন্যান্য মসিহীদের থেকে স্বতন্ত্রভাবে কাজ করা, যেনো তারা "কম গুরুত্বপূর্ণ"।	➔	**আল্লাহর রাজ্য বিনির্মাণ** আল্লার রাজ্য ও দৃষ্টিভঙ্গি সম্বন্ধে ব্যক্তিগত ও সামগ্রিক এমন উপলব্ধির অধিকারী হওয়া, যা মসিহের মহিমার ও বিশ্বব্যাপী তাঁর রাজ্য বিস্তারের চেষ্টা করে।
নিয়ন্ত্রণের পরিবেশ এমন কর্মক্ষমতাভিত্তিক কিংবা নিয়ন্ত্রণমূলক পরিবেশে বসবাস এবং নেতৃত্ব দেওয়া, যা প্রতিযোগিতা, সমালোচনার মনোভাব, স্বধার্মিকতার অহঙ্কারের জন্ম দিতে পারে এবং/কিংবা পুড়িয়ে ছাঁই করে দিতে পারে।	➔	**দয়ার পরিবেশ** মসিহের সমাপ্ত করা কাজের ওপর ভিত্তি কোরে নেতৃত্ব; বিনম্রতা, উন্মুক্ততা ও মহব্বতের মাঝে বসবাস ও নেতৃত্ব প্রদান; গ্রহণযোগ্যতা, ক্ষমাশীলতা, সততা ও প্রেমপূর্ণ জবাবদিহিতা নিয়ে অন্যদের সাথে আচরণ করা।
ক্ষমতানির্ভর নেতৃত্ব প্রধানত পদপদবি, ক্ষমতা ও রাজনৈতিক প্রভাবের মাধ্যমে নেতৃত্ব প্রদান; সাধারণত কৌশল কিংবা প্রাতিষ্ঠানিক কর্তৃত্বের ওপর নির্ভর করে; আস্থা ও অন্যদের ক্ষমতায়নের অভাব।	➔	**সেবকসুলভ নেতৃত্ব** নিখাদ সম্পর্ক, সততা ও সেবার মাধ্যমে অন্যদের নেতৃত্ব দেওয়া ও প্রভাবিত করা; অন্যদের অভাব মেটাতে নিজেকে উজাড় কোরে দেওয়া ও তাদেরকে শক্তিশালী কোরে তোলা।
আভিজাত্যবাদ ও স্বয়ংসম্পূর্ণতা নেতৃত্বের দায়িত্বের প্রতিটি ক্ষেত্রে ব্যক্তিগতভাবে কর্মদক্ষ হওয়ার চেষ্টা করা; পীড়নকারী ও সম্পর্কগত দিক থেকে দূরবর্তী নেতা হিসেবে জীবনযাপন করা; শরীরের অংশ হিসেবে একসাথে কাজ করার জটিলতা।	➔	**সহযোগিতা ও সমাজ** এমন একটি দলের অংশ হিসেবে নেতৃত্ব দেওয়া যা আল্লার কাজ সম্পন্ন করার জন্য একসাথে সহযোগিতা করে; সম্পর্ক, পারস্পরিক দায়বদ্ধতা, প্রতিনিধিত্ব ও অন্যদের ক্ষমতায়নের মাধ্যমে প্রভাবিত করা।
ঘটনাচক্রে অন্যান্য নেতাদেরকে যুক্ত করা সীমিত ও অপার্যাপ্ত নেতা গড়ে ওঠে মূলত আনুষ্ঠানিক ও সূত্রভিত্তিক কর্মসূচির ওপর নির্ভরতার মাধ্যমে; এটি পরিমাণগত কেন্দ্রবিন্দুর মাঝে নিহিত (সংখ্যা ও দৃশ্যমান ফলাফল)।	➔	**উদ্দেশ্যপ্রণোদিতভাবে নেতৃত্বের সংখ্যাবৃদ্ধি** পরামর্শপ্রদানের তালন্তের মধ্য দিয়ে নেতৃত্বের বৃদ্ধিকে বহুগুণ করা, এমন নেতার সংখ্যা বৃদ্ধি করা যাঁদের হৃদয়ের আকাঙ্ক্ষা ও অঙ্গীকার হলো বিনম্রতা ও কৌশলগতভাবে আল্লার রাজ্যের সম্প্রসারণ (গুণগত)।

ইসা বলেছেন, "তোমরা এই কথা জানো যে, অইহুদিদের মধ্যে শাসনকর্তারা তাদের প্রভু হয় এবং নেতারা তাদের ওপর হুকুম চালায়, কিন্তু তোমাদের মধ্যে তা হওয়া উচিত নয়..." – মথি ২০:২৫-২৬

সর্বস্বত্ব সংরক্ষিত

©২০২২ মেন্টরলিংক ইন্টারন্যাশনাল

মূল্যবোধের স্থানান্তর #১:

ব্যক্তিগত সাফল্য অর্জন করা থেকে শুরু কোরে আল্লার রাজ্য গোড়ে তোলা পর্যন্ত

“তোমরা প্রথমে আল্লার রাজ্যের বিষয়ে ও তাঁর ইচ্ছামত চলার জন্য ব্যস্ত হও, তাহলে ওইসব জিনিসও তোমরা পাবে।”– মথি ৬:৩৩

যে-নেতা ইসা মসিহের দ্বারা রূপান্তরিত তিনি এমন এক ব্যক্তি, যাঁর মনোযোগ বদলে যাচ্ছে– ব্যক্তিগত সাফল্য অর্জন– নিজেকে, তাঁর মিনিস্ট্রিকে কিংবা তাঁর প্রতিষ্ঠানের প্রচার থেকে এমনভাবে– আল্লার রাজ্য গোড়ে তোলা– মসিহের মহিমা অনুসন্ধান ও আল্লাহর রাজ্যের প্রচারণার দিকে, যা জীবনের, মিনিস্ট্রির ও সংস্কৃতির সমস্ত অঞ্চলকে স্পর্শ করে।

ইঞ্জিল শরিফ
কেস স্টাডি:

দিয়ত্রিফেস

এমন একজন নেতা
যিনি আল্লার নয়
বরং
নিজের রাজ্য
গোড়ে তুলেছিলেন

“সাম্রাজ্য গোড়ে তোলা”

আমি জামাতের কাছে একটি চিঠি লিখেছিলাম, কিন্তু দিয়ত্রিফেস জামাতের মধ্যে প্রধান হতে চায় বোলে আমাদের কথা মানে না। সেজন্য সে যা করছে আমি আসলে তা সবাইকে জানাবো। সে আমাদের বিরুদ্ধে হিংসা কোরে অনেক মিথ্যা কথা বলেছে। তাতেও সুখী না হয়ে সে নিজেও ভাইদের গ্রহণ করছে না এবং যারা তাদের গ্রহণ করতে চাইছে তাদেরও বাধা দিচ্ছে এবং জামাত থেকে বের কোরে দিচ্ছে।

প্রিয় বন্ধু, খারাপীর পেছনে না গিয়ে বরং ভালোর পেছনে চলো।

–৩ ইউহোন্না ৯-১১।

- দিয়ত্রিফেস কী জন্য নিন্দিত? (৯-১০)
- এই ধরনের বাজে উচ্চাকাঙ্ক্ষা সম্বন্ধে ইউহোন্নার সতর্কবাণী কী? (১১)

“আল্লার রাজ্য গোড়ে তোলা”

আমি আশা করি, হযরত ইসার ইচ্ছা হোলে আমি তিমথিকে শীঘ্রই তোমাদের কাছে পাঠাবো, যেনো তোমাদের খবর পেয়ে আমিও উৎসাহ পাই। আমার সাথে এমন আর কেউ নেই যে তিমথিয়ের মতো কোরে সত্যিই তোমাদের জন্য চিন্তা করে। অন্য সকলে ইসা মসিহের ব্যাপারে ব্যস্ত না থেকে নিজেদের ব্যাপারেই ব্যস্ত থাকে। কিন্তু তোমরা জানো যে, তিমথি তাঁর যোগ্যতা প্রমাণ করেছেন, কারণ যেভাবে ছেলে বাবার সাথে কাজ করে, সেভাবেই তিনি আমার সাথে ইসা মসিহের বিষয়ে সুসংবাদ তবলিগের কাজে পরিশ্রম করেছেন।

–ফিলিপীয় ২:১৯-২২

- তিমথি কী জন্য প্রশংসিত? (১৯-২১)
- এই ধরনের ঐশী উচ্চাকাঙ্ক্ষা সম্বন্ধে পৌলের আনন্দটা কী? (২২)

ইঞ্জিল শরিফ
কেস স্টাডি:

তিমথি

এমন একজন নেতা
যিনি নিজের নয়
বরং
আল্লার রাজ্য
গোড়ে তোলেন

আল্লার রাজ্যের একজন নেতাকে পরামর্শ দেবার প্রক্রিয়া

হযরত পিতরকে হযরত ইসা বেছে নিয়েছিলেন এবং আল্লার রাজ্য প্রতিষ্ঠায় তাঁকে একটি বিশেষ স্থান দিয়েছিলেন। কিন্তু তার অর্থ এই নয় যে, হযরত পিতর যাতে তাঁর নিজের স্বার্থ না খোঁজেন সেজন্য তাঁর প্রভু, নাজাতদাতা ও পথপ্রদর্শক হযরত ইসা মসিহের নিকট থেকে তাঁর আর কোনো অনুপ্রেরণা, জবাবদিহিতা ও সংশোধনের প্রয়োজন ছিলো না।

মথি ১৬:১৩-২৮ আয়াতে রূপান্তরমূলক পথপ্রদর্শনের প্রক্রিয়াটি লক্ষ্য করুন।

- হযরত পিতরের স্বীকারোক্তির তাৎপর্য কী ছিলো? (১৫-১৭)

- হযরত পিতর কীভাবে তাঁর মাংসিক প্রবণতায় ফিরে গিয়েছিলেন এবং হযরত ইসা কীভাবে প্রতিক্রিয়া দেখিয়েছিলেন? (২২-২৩)

- এই কঠোর তিরস্কার কি আল্লার রাজ্যের নেতা হিসেবে হযরত পিতরের সম্ভাবনা ও অবস্থানকে সীমিত করেছিলো? হযরত ইসার কথাগুলো কীভাবে হযরত পিতর ও অন্যান্যদের জন্য উৎসাহজনক ছিলো? (২৪-২৮)

হযরত পিতর আল্লার রাজ্য-মনস্ক একজন নেতা হিসেবে তাঁর অবস্থানে পরিণত হয়ে উঠেছিলেন বোলে, ২ পিতর ২:১-৩ আয়াতে "সাম্রাজ্য নির্মাতা" ভ্রান্ত শিক্ষক ও নেতাদের বিষয়ে জামাতের প্রতি তাঁর সাবধানবাণী লক্ষ্য করুন।

- ভ্রান্ত শিক্ষকদের ব্যাপারে জামাতের প্রতি সতর্কবার্তায় হযরত পিতর কেনো এতো কঠোর হওয়ার স্বাধীনতা অনুভব করেছিলেন? (১-২)

- মসিহের জামাতে নেতা হিসেবে আমাদের নিজেদেরকে কী থেকে অবশ্যই রক্ষা করতে হবে? কী থেকে আমরা উৎসাহ পেতে পারি?

আল্লার রাজ্যের মূল্যবোধের স্থানান্তরের প্রতি নিবিড় দৃষ্টি প্রদান

মূল্যবোধের স্থানান্তর নিয়ে আপনাদের ছোটো দলে নিচের প্রশ্নগুলো আলোচনা করুন:

১. সামগ্রিকভাবে এই মূল্যবোধের স্থানান্তর কী? আপনার নিজের ভাষায় প্রকাশ করুন।

২. এই মূল্যবোধের স্থানান্তরের ব্যাপারে আপনার দেশে নেতৃত্বের রীতি সম্বর্কে আপনার মূল্যায়ন কী?

৩. আপনার দেশে এই মূল্যবোধের স্থানান্তরের ব্যাপারে সবচেয়ে বড়ো প্রতিবন্ধকতা কী?

রূপান্তরমূলক মূল্যবোধ# ১ ব্যক্তিগত মূল্যায়ন

নিচের রূপান্তরমূলক মূল্যবোধে আপনার চিন্তা, মূল্যবোধ ও অনুশীলনে আপনি কোথায় আছেন তা মূল্যায়ন করুন। কেন্দ্রীয় কলামে থাকা সংখ্যাটিকে বৃত্তাবদ্ধ করুন, যা প্রত্যেক জোড়া বিবৃতির ব্যাপারে আপনার অবস্থান সর্বোত্তমভাবে নির্দেশ করে। যেমন: বাঁয়ের কলামের বিবৃতিগুলো যদি বেশিরভাগ সময়ে আপনার প্রতিনিধিত্ব করে তাহলে নিজেকে "১" দিন; আর ডান দিকের কলাম মিলে গেলে "১০" দিন; আর আপনি যদি মাঝামাঝি অবস্থানে থাকেন তাহলে "৫" দিন। সেই সাথে নিচের ছায়া-প্রশ্নগুলোর উত্তর দিন।

ব্যক্তিগত সাফল্য গোড়ে তোলা	... থেকে ...	আল্লার রাজ্য গোড়ে তোলা
আল্লার রাজ্য ও এর আদর্শ সম্বন্ধে আমার সুস্পষ্ট কোনো ধারণা নেই	**আল্লার রাজ্য বোঝা** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আল্লার রাজ্য আমি বুঝি এবংযেকোনো মূল্যে আমি তা প্রতিষ্ঠা করতে চাই
আমি আমার মিনিস্ট্রি, আমার ব্যবসা, আমার জামাত, আমার পরিবার প্রভৃতিকে আল্লার রাজ্য হিসেবে দেখতে চাই। ঈশ্বরই এগুলো আমাকে দিয়েছেন	**মালিকানা** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমার মিনিস্ট্রি, ব্যবসা, জামাত, পরিবার প্রভৃতির মালিক আল্লাহ। তিনি দেন এবং তিনি কেড়ে নিতে পারেন। যেকোনোভাবেই হোক না কোনো, আমি তাঁর নাম মহিমান্বিত করতে চাই
আমি নজরে পড়তে চাই। সুতরাং আমার মিনিস্ট্রি মূলত নিজেকে সৌন্দর্যমণ্ডিত কোরে তোলা ও আমার নিজের সুনাম গড়ে তোলা	**গৌরব** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	মিনিস্ট্রি মূলত আল্লাসংক্রান্ত। আমার গভীরতম আকাঙ্ক্ষা হলো এই যে, তিনিই হবেন সম্মানিত ও মহিমান্বিত
সাফল্যের কৃতিত্ব আমারই। ব্যার্থতার জন্য অন্যরা দায়ী	**সাফল্য ও ব্যার্থতা** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	সাফল্যের সমস্ত কৃতিত্ব আল্লার, এবং আমার ভুলের ও ব্যার্থতার জন্য আমিই দায়ী
আমি আমার নিজের রাজ্য গড়ার জন্য আমার বেশিরভাগ সময় ও শক্তি ব্যয় করি	**অগ্রাধিকার** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	মসিহের রাজ্য গড়ার জন্য আমি আমার বেশিরভাগ সময় ও শক্তি ব্যয় করি
অংশীদারিত্বের জন্য আমার কোনো আগ্রহ, সময় কিংবা সম্পদ নেই। অন্যান্য মিনিস্ট্রি ও ধর্মীয় নেতাদেরকে আমি আমার প্রতিদ্বন্দ্বী হিসেবে বিবেচনা করি	**অংশীদারিত্ব** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমি অংশীদারিত্বে কাজ করি কারণ আল্লার শরীর যখন সহযোগী হিসেবে একসাথে কাজ করে, তখন তিনি রহমত করেন
মোনাজাত একটি ভালো ধারণা কিন্তু আমি এতোটাই ব্যস্ত যে, মোনাজাতকে অগ্রাধিকার দেবার মতো সময় আমার নেই	**মোনাজাতের অগ্রাধিকার** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমার অনেক গুরুত্বপূর্ণ কাজ করার আছে, সেজন্য আমাকে মোনাজাতের ওপর গুরুত্ব দিতেই হবে
যেসব মানুষের সেবা করার জন্য আমি আহুত, আমি তাদের প্রত্যাশা পূরণ করি, তাদের পরিচর্যায় আমি নিজেকে পুরোপুরি নিয়োজিত করি	**প্রত্যাশা** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমি আমার লোকদেরকে শিক্ষিত কোরে তুলি, যেনো তারা তাদের প্রত্যাশাকে আল্লার মহান রাজ্যের প্রত্যাশার সাথে শ্রেণিবদ্ধ কোরে নেয়

প্রতিফলন:

- ওপরের কোন অঞ্চলগুলোতে আপনি ভালো করছেন? এখান থেকে আল্লাহ আপনাকে কীভাবে উৎসাহিত করছেন?
- আপনার যে-পরিবর্তনগুলো করতে হবে সে-সম্বন্ধে আল্লাহ আপনাকে কী বলছেন?– আপনার ব্যক্তিগত সাম্রাজ্যের ক্রমবর্ধমানতা থেকে আল্লার রাজ্যের ক্রমবর্ধমানতায় স্থানান্তরিত হওয়ার রূপান্তরমূলক মানের ব্যাপারে আপনার ব্যক্তিগত মূল্যায়নের ওপর ভিত্তি কোরে উত্তর দিন।
- কীসে আপনাকে বাঁ পাশের কলামে "বিশ্বাসী" কোরে রেখেছে? কীসের ভয়? কোন অতীত অভিজ্ঞতা? কোন চাপ এবং/কিংবা পীড়ন? আপনার সংস্কৃতির কোন কোন দিক পরিবর্তনের ক্ষেত্রে অন্তরায়?
- আপনার দিক থেকে প্রকৃত অনুতাপ কেমন হবে? আপনার জীবনশৈলীতে, মিনিস্ট্রিতে এবং/কিংবা নেতৃত্বের পদ্ধতিতে কোন কোন সুনির্দিষ্ট পরিবর্তন আপনাকে বাস্তাবায়ন করতে হবে?

মূল্যবোধের স্থানান্তর #২:

নিয়ন্ত্রণের পরিবেশ থেকে অনুগ্রহের পরিবেশে

"তোমরা এভাবে আমার আনন্দ পূর্ণ করো– তোমাদের সকলের মন এক হোক, তোমরা একে অন্যকে মহব্বত করো এবং মনেপ্রাণে এক হও। নিজের লাভের আশায় বা অহঙ্কারের বশে কিছু কোরো না, বরং নম্রভাবে অন্যকে নিজের চেয়ে বড়ো স্থান দাও। কেবল নিজেকে নিয়ে ব্যস্ত থেকো না, বরং একে অন্যের জন্য চিন্তা করো।" – ফিলিপীয় ২:২-৪

যে-নেতা ইসা মসিহের দ্বারা পরিবর্তীত হন তিনি এমন একজন মানুষ, যাঁকে অনুগ্রহের শক্তি ও অলৌকিকতা ক্রমবর্ধমানভাবে ও ব্যক্তিগতভাবে আঁকড়ে ধোরে আছে; যিনি ভগ্নতা ও করুণার অভিজ্ঞতা লাভ করেছেন; এবং যিনি অন্যদের সাথে একইরকম গ্রহণযোগ্যতা, করুণা ও ভালোবাসার সাথে আচরণ করেন।

আইনসর্বস্বতা ও নিয়ন্ত্রণ অন্যদের সাথে কীভাবে আচরণ করে?

মথি ২৩:২৩-২৮ আয়াত পড়ুন, যেখানে ইসা সরাসরি ইহুদিদের ধর্মীয় নেতাদেরকে সম্বধন কোরে কথা বলেছেন; রূপান্তরমূলক মূল্যবোধের আলোকে এই নেতাদেরকে বলা যেতে পারে, "বাঁম পাশের নেতা।"

১. আইনসর্বস্বতা সম্বন্ধে ইসা মসিহ যে-প্রতিক্রিয়া ব্যাক্ত করেছেন তা এসব আয়াতের আলোকে বর্ণনা করুন। সুনির্দিষ্ট কোরে বলুন।

২. আইনসর্বস্ব নেতৃত্বের ফলাফলগুলো কী?– এই আয়াতগুলোর আলোকে উত্তর দিন।

৩. কেনো এবং কীভাবে নেতারা আইনসর্বস্ব হয়ে ওঠেন?

অনুগ্রহ অন্যদের সাথে কীভাবে আচরণ করে?

ফরিসিদের বিপরীতে নিচের ঘটনাপ্রবাহ লক্ষ্য করুন যে, কেমন কোরে "ডান দিকের" একজন নেতা নিজেকে উন্নীত করেন না, অন্যদেরকে নিয়ন্ত্রণ কিংবা নিজের উদ্দেশ্যসাধনে অন্যদেরকে ব্যবহার করেন না, কিংবা "যথাযথ" আচরণের নির্দেশ দেন। পরিবর্তে এই পরিস্থিতিতে করুণা, দয়া ও সমবেদনা লক্ষ্য করুন। পড়ুন লুক ৭:৩৬-৫০।

১. কোন গুণাবলী কিংবা ক্ষমতা ইসাকে আকৃষ্ট করেছিলো এই মহিলাকে অনুগ্রহে জয় করতে?

২. ইসা ও তাঁর অনুগ্রহের প্রতি ধর্মীয় নেতা শিমন কেমন প্রতিক্রিয়া দেখিয়েছিলেন?

৩. এই মহিলার অতীত জীবন কেমন কোরে ইসার সাথে তার সম্পর্ককে প্রভাবিত কোরেছিলো?

সর্বস্বত্ব সংরক্ষিত ©২০২২ মেন্টরলিংক ইন্টারন্যাশনাল

ভগ্নতা ও মিনিস্ট্রি

আল্লার অনুগ্রহের প্রাচুর্য বোঝার জন্য আমাদের ব্যক্তিগত ভগ্নতা অপরিহার্য। আমরা যখন আমাদের অহঙ্কার থেকে, আমাদের অধিকারের অনুভূতি থেকে এবং আমাদের আত্মসন্তুষ্টি থেকে, আমাদের ক্ষমতা ও নিয়ন্ত্রণ থেকে ভেঙে পড়ি, শুধুমাত্র তখনই আমরা অন্যদের সাথে দয়াশীল আচরণ করতে পারি।

অপব্যয়ী *পুত্রদের* দৃষ্টান্তের মাধ্যমে চিন্তা করুন (লুক ১৫:১১-৩২) এবং পুত্রদেরকে বামদিক থেকে ডানদিকে ধাবিত করার জন্য পিতার হৃদয়কে বিবেচনা করুন:

বড়ো ছেলে

- প্রত্যাক্ষাণকারী
- অধিকারী
- দূর থেকে পিতাকে জানে
- "সঠিক" কিন্তু ভ্রান্ত
- আইন
- কাজের প্রতি মনোযোগী
- হারানো
- মৃত
- শ্রবণকারী
- অহঙ্কারী
- একগুঁয়ে

ছোটো ছেলে

- অনুতপ্ত
- গৃহীত
- অন্তরঙ্গভাবে পিতাকে অনুভবকারী
- "ভ্রান্ত" কিন্তু সঠিক
- ভালোবাসা
- সম্পর্কের প্রতি মনোযোগী
- খুঁজে পাওয়া গেছে
- জীবিত
- কর্ণপাতকারী
- বিনয়ী
- ভগ্ন

আধ্যাত্মিক পরিপক্কতা, পরিচর্যার কার্যকারিতা ও মসিহের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়ার সাথে সাথে পৌলের আত্মউপলব্ধিও লক্ষ্য করুন:

১. ৪৯ খ্রিস্টাব্দ– অন্যান্য হাওয়ারিদের সমান (গালাতীয় ১:১৬-২:১০)
২. ৫৩ খ্রিস্টাব্দ– হাওয়ারিদের সবার শেষের (১ করিন্থীয় ১৫:৯)
৩. ৬১ খ্রিস্টাব্দ– আল্লার সমস্ত লোকের ভেতর সবচেয়ে নীচু (ইফিসীয় ৩:৮)
৪. ৬৫ খ্রিস্টাব্দ– পাপীদের সবার প্রধান (১ তিমথীয় ১:১৫)

পৌলের জীবনের উপলব্ধী ও বিনম্র থেকে বিনম্রতর করার মাধ্যমে কীভাবে আল্লাহ তাঁকে রূপান্তরিত করেছেন তা আবারো লক্ষ্য করুন। আপনার ধারণা মতে পৌলের জীবনে এমন কী ঘটেছিলো যা তাঁকে ক্রমবর্ধমান বিনম্রতার দিকে চালিত করেছিলো?

ভগ্নতা আমরাই নিয়ে আসি এমন নয়, বরং তা আমাদের কাছে আসে জীবনের আল্লাহ-নির্দেশিত ঘটনাবলীর মধ্য দিয়ে। এসব ঘটনার প্রতি আমাদের প্রতিক্রিয়া থেকে ভগ্নতা আসে কিংবা আসতে ব্যর্থ হয়। ভগ্নতা সম্বন্ধে আমরা কী শিখতে পারি? আল্লার লোকদের গল্পগুলো থেকে? একে অন্যের থেকে? আপনার নিজের জীবন থেকে? আমাদেরকে বামদিকের নেতা থেকে ডানদিকের নেতায় পরিণত করতে ভগ্নতা কেমন কোরে আল্লার একটি হাতিয়ার হোতে পারে?

অনুগ্রহের মান স্থানান্তরের... নিবিড় পর্যবেক্ষণ

এই মান স্থানান্তর সম্বন্ধে নিচের প্রশ্নগুলো নিয়ে আপনাদের ছোটো দলে আলোচনা করুন:

১. এই মান পরিবর্তন মূলত কী? আপনার নিজের ভাষায় প্রকাশ করুন।

২. এই মান পরিবর্তনের বিষয়ে আপনার দেশের নেতৃত্বের সংস্কৃতি সম্বন্ধে আপনার মূল্যায়ন কী?

৩. আপনার দেশে এই মান পরিবর্তনের ক্ষেত্রে সবচেয়ে বড়ো বাধা কী?

রূপান্তরমূলক মূল্যবোধ# ২ ব্যক্তিগত মূল্যায়ন

নিচের রূপান্তরমূলক মূল্যবোধে আপনার চিন্তা, মূল্যবোধ ও অনুশীলনে আপনি কোথায় আছেন তা মূল্যায়ন করুন। কেন্দ্রীয় কলামে থাকা সংখ্যাটিকে বৃত্তাবদ্ধ করুন, যা প্রত্যেক জোড়া বিবৃতির ব্যাপারে আপনার অবস্থান সর্বোত্তমভাবে নির্দেশ করে। যেমন: বাঁয়ের কলামের বিবৃতিগুলো যদি বেশিরভাগ সময়ে আপনার প্রতিনিধিত্ব করে তাহলে নিজেকে "১" দিন; আর ডান দিকের কলাম মিলে গেলে "১০" দিন; আর আপনি যদি মাঝামাঝি অবস্থানে থাকেন তাহলে "৫" দিন। সেই সাথে নিচের ছায়া-প্রশ্নগুলোর উত্তর দিন।

নিয়ন্ত্রণের পরিবেশ	... থেকে...	অনুগ্রহের পরিবেশে
আমি মনে করি আল্লাহ একজন কড়া তত্ত্বাবধায়ক; তিনি দূরবর্তী, অনুপস্থিত এবং তাঁকে সন্তুষ্ট করা কঠিন	**আল্লাহ সম্বন্ধে ভাবনা** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আল্লাহ আমার প্রেমময় পিতা, আমার 'বাবা', যাঁর পুত্র আমাকে উদ্ধারের জন্য মৃত্যুবরণ করেছেন এবং আমাকে তাঁর আপন কোরে নিয়েছেন
দীর্ঘস্থায়ী জীবন পরিবর্তনের চাবিকাঠি হলো তাঁকে খুশি করার জন্য আরো বেশি চেষ্টা করা	**বৃদ্ধি** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	প্রকৃত রূপান্তরের চাবিকাঠি হলো ত্রিত্বের সাথে গভীর সম্পর্ক
আমি সবসময় আল্লার সামনে ব্যর্থতার অপরাধবোধে ভুগি	**ক্ষমা** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমি সবসময় অনুভব করি যে, আমার আল্লাহ ও নাজাতদাতা আমাকে ক্ষমা করেছেন এবং গভীরভাবে ভালোবাসেন
পবিত্র জীবনযাপন অতোটা গুরুত্বপূর্ণ নয়। প্রকৃত মানুষেরা ভুল করেন	**পবিত্র জীবযাপন** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	পবিত্র জীবনযাপন গুরুত্বপূর্ণ, কিন্তু এটি কেবল তখনই সম্ভব যখন আমরা আল্লাহর সাথে অন্তরঙ্গতা নিয়ে পথচলি
আমি লজ্জা ও/কিংবা অপরাধবোধ দ্বারা চালিত	**লজ্জা ও পরিচিতি** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমি জানি যে, আমি আল্লাহর প্রিয় সন্তান
ইসায়ী হিসেবে সরল পথে চলার জন্য আমাদের নিয়মকানুন দরকার	**নিয়ম/আইন** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমাদেরকে ক্রমাগত সলিবের কাছে নিয়ে যাবার জন্য আমাদের প্রয়োজন আল্লার নিয়মকানুন (মানুষের নয়)
পাকরুহ কে এবং কীভাবে তাঁর সাথে চলতে হয়, তার বাস্তব কোনো উপলব্ধি আমার নেই	**পাকরুহ** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমি মনের ভেতর নিয়তস্থায়ী পাকরুহের মাধ্যমে আল্লার সাথে মূল্যবান অন্তরঙ্গতা উপভোগ করতে শিখছি
সত্যি কথা বলতে, মাঝে মাঝে আমি আমার তালন্ত, সামর্থ্য ও কৃতিত্বের জন্য খুব গর্ববোধ করি	**আমার "অহঙ্কার" #১** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমার মতো মানুষকে ইসা তাঁর পরিবারের অংশ কোরে নেবার জন্য যে-অসাধারণ মূল্য পরিশোধ করেছেন, তার জন্য আমি গর্বিত
অন্যদের তুলনায়, প্রাশয়ই আমি আমার তালন্ত, সামর্থ্য ও কৃতিত্বের জন্য লজ্জিত হই	**আমার "অহঙ্কার" #২** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	তাঁর প্রিয় সন্তান হিসেবে, ইমানের কারণে আমার মধ্যে এবং আমার দ্বারা মসিহ যা করেন, আমি তা নিয়ে গর্ব করতে শিখছি
আমার নিজের সক্ষমতায় পরিচর্যা ও পরিচালানার দ্বারা সফল ধর্মীয় আন্দোলন জন্ম ন্যায়	**ভগ্নতা** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	সফল ধর্মীয় আন্দোলন জন্ম নেয় দুর্বলতা, ভগ্নতা ও স্বচ্ছতার মাধ্য দিয়ে পরিচর্যা ও পরিচালনার মাধ্যমে
মোনাজাত হলো একটি ক্লান্তিকর দায়িত্ব, যা আল্লাকে খুশি করার জন্যই আমাকে করতে হবে বোলে আমি মনে করি	**মোনাজাতে মনোভাব** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	মোনাজাত হলো একটি বিশেষ সুযোগ, যেখানে পাকরুহ আমাকে আমার পিতা ও তাঁর পুত্রের প্রেমময় আলাপনের সাথে যুক্ত করেন

প্রতিফলন:

- ওপরের কোন অঞ্চলগুলোতে আপনি ভালো করছেন? এখান থেকে আল্লাহ আপনাকে কীভাবে উৎসাহিত করছেন?
- আপনার যে-পরিবর্তনগুলো করতে হবে সে-সম্বন্ধে আল্লাহ আপনাকে কী বলছেন?– নেতা হিসেবে নিয়মসর্বস্বতা থেকে অনুগ্রহে স্থানান্তরিত হওয়ার রূপান্তরমূলক মানের ব্যাপারে আপনার ব্যক্তিগত মূল্যায়নের ওপর ভিত্তি কোরে উত্তর দিন।
- কীসে আপনাকে বাঁ পাশের কলামে "বিশ্বাসী" কোরে রেখেছে? কীসের ভয়? কোন অতীত অভিজ্ঞতা? কোন চাপ এবং/কিংবা পীড়ন? আপনার সংস্কৃতির কোন কোন দিক পরিবর্তনের ক্ষেত্রে অন্তরায়?
- আপনার দিক থেকে প্রকৃত অনুতাপ কেমন হবে? আপনার জীবনশৈলীতে, মিনিস্ট্রিতে এবং/কিংবা নেতৃত্বের পদ্ধতিতে কোন কোন সুনির্দিষ্ট পরিবর্তন আপনাকে বাস্তাবায়ন করতে হবে?

মূল্যবোধের স্থানান্তর #৩:

ক্ষমতাভিত্তিক নেতৃত্ব থেকে সেবাকারী নেতৃত্বে

"...তোমাদের মধ্যে যে বড়ো হতে চায় তাকে তোমাদের সেবাকরী হতে হবে...মনে রেখো, ইবনে আদম সেবা পেতে নয় বরং সেবা করতে এসেছেন এবং অনেক লোকের মুক্তির মূল্য হিসেবে তাদের প্রণের পরিবর্তে নিজের প্রাণ দিতে এসেছেন।" –মথি ২০:২৬-২৮

যে-নেতা ইসা মসিহের দ্বারা পরিবর্তীত তিনি এমন একজন মানুষ, যাঁর কর্তৃত্ব ও প্রভাব পদ, ক্ষমতা কিংবা নিয়ন্ত্রণ দ্বারা নির্ধারিত হয় না, বরং তিনি মসিহের ক্ষমতায় অন্যদের সেবা করার মাধ্যমে অন্যদেরকে অনুপ্রাণিত ও প্রভাবিত করেন।

হযরত ইসা তাঁর ও আমাদের সময়ের ক্ষমতাভিত্তিক নেতৃত্বের নিন্দা করেন

হযরত ইসা তাঁর সময়ের আধ্যাত্মিক নেতা ও শিক্ষকদের বিরুদ্ধে নিন্দার কিছু জোরালো শব্দ উচ্চারণ করেছিলেন। তিনি এখানে যা বলেছেন এবং ক্ষমতাভিত্তিক নেতৃত্বকে তিনি যেভাবে অনুভব করেন, ধর্মীয় নেতা হিসেবে তার প্রতি নিবিড় দৃষ্টি দেওয়া আমাদের জন্য খুবই প্রয়োজন।

মথি ২৩:১-১২ আয়াত পড়ুন এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দিন:

- ইসা তাঁর সময়ের ধর্মীয় নেতাদের উদ্দেশে যেসব নিন্দাবাক্য উচ্চারণ করেছিলেন, এই আয়ারতগুলো পড়ার সময়, আপনার কাছে তার ভেতর সবচেয়ে লক্ষ্যণীয় একটা বা দুটো কী কী? আপনার মতামতের ব্যাখ্যা দিন।
- ইসার দৃষ্টিতে নেতা হিসেবে ফরিসিরা কোন কোন মৌলিক প্রেরণা দ্বারা চালিত হয়েছিলেন? (৫-৭ আয়াত)।
- বর্তমানে আপনার সংস্কৃতিতে ক্ষমতাভিত্তিক নেতারা একই ধরনের মনোভাব ও আচরণের প্রতিফলন ঘটান কীভাবে?
- অবশেষে ১২ আয়াতে নেতাদেরকে ইসা যেসব প্রতিশ্রুতি দিয়েছেন তা লক্ষ্য করুন। তাঁর দেওয়া দুটি প্রতিশ্রুতি কী কী, এবং আপনার কাছে ওগুলো কী অর্থ বহন করে?
- যাঁরা ক্ষমতাভিত্তিক নেতৃত্ব ত্যাগ কোরে সেবার মানসিকতাসম্পন্ন নেতা হতে চান, তাঁদের জন্য চ্যালেঞ্জ ও অসুবিধাগুলো কী কী?

ক্ষমতাভিত্তিক নেতৃত্ব ত্যাগ কোরে সেবার মানসিকতাসম্পন্ন নেতায় পরিণত হওয়ার শিক্ষাপরিক্রমার ওপর কিতাবভিত্তিক একটি কেস স্টাডি: হযরত ইসা, ইয়াকুব ও ইউহোন্না

ইয়াকুব ও ইউহোন্নাকে বেছে নিয়েছিলেন হযরত ইসা এবং তাঁর মিনিস্ট্রিতে তিনি তাঁদেরকে একটি বিশেষ স্থান দিয়েছিলেন। কিন্তু তার অর্থ এই নয় যে, তাঁদের মনিব ও পরামর্শদাতা ইসা মসিহের নিকট থেকে তাঁদের আর কোনো অনুপ্রেরণার, জবাবদিহিতার ও সংশোধনের প্রয়োজন ছিলো না।

মার্ক ১০:৩৫-৪৫ আয়াত পড়ুন এবং লক্ষ্য করুন যে, কীভাবে হযরত ইসা ইয়াকুব ও ইউহোন্নাকে জাগতিক নেতৃত্ব প্রত্যাখ্যান কোরতে এবং একজন নেতা হিসেবে তাঁর মতো হোয়ে উঠতে সাহায্য করতে চান। নিচের প্রশ্নগুলোর উত্তর দিন:

- ইয়াকুব ও ইউহোন্না হযরত ইসার কাছে কী চেয়েছিলেন? কেনো তাঁরা এই অনুরোধ করেছিলেন বোলে আপনি মনে করেন? (৩৫-৩৭ আয়াত)।

- "তোমরা যা চাচ্ছো তা তোমরা জানো না" (৩৮ আয়াত)– একথা বোলে ইসা তাঁদেরকে কী বোঝাতে চেয়েছিলেন বোলে আপনি মনে করেন? ৪০ আয়াতে বর্ণিত ইসার কঠোর তিরস্কার কি ইয়াকুব ও ইউহোন্নার সেবাকারী নেতুত্বের সম্ভাবনাকে সীমিত করে? কেনো কিংবা কেনো নয়?

- অন্যরা যখন ইয়াকুব ও ইউহোন্নার অনুরোধ শুনলেন, তখন তাঁরা "বিরক্ত হলেন"। কেনো তাঁরা অমন প্রতিক্রিয়া ব্যক্ত করেছিলেন বোলে আপনি মনে করেন? (৪১ আয়াত)।

- আপনার দেশের আধ্যাত্মিক নেতারা যদি সেবাকারী নেতৃত্বের মূল্যবোধগুলো গ্রহণ করেন এবং ৪২-৪৫ আয়াতে হযরত ইসা আমাদের কাছে যা দাবি করেছেন তা অনুশীলন করেন, তাহলে কোন কোন পরিবর্তন ঘটতে হবে? এসব আয়াতে বর্ণিত হযরত ইসার কথাগুলো যদি আপনি ও অন্যান্য নেতারা মেনে চলেন, তাহলে আপনার দেশের জামাতগুলোতে কোন কোন পরিবর্তন ঘটতে পারে?

সেবাকারী নেতা হিসেবে যেভাবে আমরা হযরত ইসার পদাঙ্ক অনুসরণ করতে পারি

আপনার ছোটো দলে নিচের বিবৃতিগুলো জোরে জোরে পড়ুন এবং আপনার সংস্কৃতিতে এর প্রত্যেকটির একটি বা দুটি বাস্তব অভিব্যক্তির কথা ভাবুন:

- **আমরা অন্যদের সত্যিকারের চাহিদাগুলো এমনভাবে পূরণ করি**, যা আল্লার রহমত, মহব্বত ও সত্য সম্পর্কে তাদের উপলব্ধি ও অভিজ্ঞতাকে শক্তিশালী করে।

- **আমরা মানুষ ও সম্পর্কের দিকে মনোযোগ দেই**। আমরা জানি কাজ/অর্পিত দায়িত্ব সম্পন্ হওয়া উচিত, কিন্তু যাদের আমরা নেতৃত্ব দেই, তাদের সত্যিকারভাবে যত্ন নেওয়ার ও বলিষ্ঠ সম্পর্ক গোড়ে তোলার জন্য আমরা আমাদের সর্বোত্তম শক্তি নিয়োগ কোরে থাকি।

- ক্ষমতা, হুমকি এবং/অথবা নিয়ন্ত্রণ নয়, **আমরা বরং অন্যদের কাছে যাই** বিনম্রতা, দুর্বলতা ও ভালোবাসার অবস্থান থেকে।

- অন্যরা যাতে তাদের জীবন ও ধর্মীয় কর্মকাণ্ডে কার্যকর হোয়ে উঠতে পারে, সেজন্য তাদেরকে ক্ষমতায়িত ও মুক্ত করতে **আমরা আমাদের কর্তৃত্ব ও অবস্থানকে নিঃস্বার্থভাবে ব্যবহার করি।**

- **কোনো স্বীকৃতি এবং পুরস্কারের আশা না কোরে,** আল্লাহর মহব্বত ও আহ্বানের দ্বারা চালিত হোয়ে, **আমরা পরিচর্যা করি** – পরিচর্যা করি তাঁর স্বীকৃতির আশায়, অন্যদের স্বীকৃতির আশায় নয়।

সেবার মানসিকতাসম্পন্ন নেতেৃত্বের স্থানান্তরের প্রতি নিবিড় দৃষ্টি প্রদান #

মূল্যবোধের স্থানান্তর নিয়ে আপনাদের ছোটো দলে নিচের প্রশ্নগুলো আলোচনা করুন:

১. সামগ্রিকভাবে এই মূল্যবোধের স্থানান্তর কী? আপনার নিজের ভাষায় প্রকাশ করুন।

২. এই মূল্যবোধের স্থানান্তরের ব্যাপারে আপনার দেশে নেতৃত্বের রীতি সম্বর্কে আপনার মূল্যায়ন কী?

৩. আপনার দেশে এই মূল্যবোধের স্থানান্তরের ব্যাপারে সবচেয়ে বড়ো প্রতিবন্ধকতা কী?

সর্বস্বত্ব সংরক্ষিত ©২০২২ মেন্টরলিংক ইন্টারন্যাশনাল

রূপান্তরমূলক মূল্যবোধ #৩ ব্যক্তিগত মূল্যায়ন

নিচের রূপান্তরমূলক মূল্যবোধে আপনার চিন্তা, মূল্যবোধ ও অনুশীলনে আপনি কোথায় আছেন তা মূল্যায়ন করুন। কেন্দ্রীয় কলামে থাকা সংখ্যাটিকে বৃত্তাবদ্ধ করুন, যা প্রত্যেক জোড়া বিবৃতির ব্যাপারে আপনার অবস্থান সর্বোত্তমভাবে নির্দেশ করে। যেমন: বাঁয়ের কলামের বিবৃতিগুলো যদি বেশিরভাগ সময়ে আপনার প্রতিনিধিত্ব করে তাহলে নিজেকে "১" দিন; আর ডান দিকের কলাম মিলে গেলে "১০" দিন; আর আপনি যদি মাঝামাঝি অবস্থানে থাকেন তাহলে "৫" দিন। সেই সাথে নিচের ছায়া-প্রশ্নগুলোর উত্তর দিন। অন্যদের সাথে পরিচর্যা করার সময় আমি সম্পর্কের চেয়ে করণীয় কাজের ওপর বেশি গুরুত্ব দেই।

ক্ষমতাকেন্দ্রিক নেতৃত্ব	... থেকে...	সেবার মানসিকতাসম্পন্ন নেতৃত্বে
অন্যদের সাথে পরিচর্যা করার সময় আমি সম্পর্কের চেয়ে করণীয় কাজের ওপর বেশি গুরুত্ব দেই	**সম্পর্ক বনাম করণীয় কাজ** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	পরিচর্যায়, সম্পর্ক ও করণীয় কাজ– এই উভয়ই অত্যাবশ্যকীয় উপাদান। আল্লার লোক হিসেবে আমাদের ঐক্য হলো আমাদের প্রভাবের চাবিকাঠি
মূলত আমার কর্মবিবরণ, পদ ও আমাদের প্রতিষ্ঠানের প্রবাহচিত্রের ওপর ভিত্তি কোরে আমি আমার নেতৃত্বের কর্তৃত্ব চিত্রিত করি	***কর্তৃত্ব*** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	মূলত আমার কর্তৃত্ব নির্ভর করে আধ্যাত্মিক কর্তৃত্বের ওপর, যার ভিত্তি হলো আস্থা, সম্পর্ক, সততা ও পরিচর্যা
সম্মান আসে মূলত আমার পদবি ও অবস্থান থেকে	***সম্মান*** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	মসিহকে, তাঁর উদ্দেশ্য ও তাঁর লোকদের যখন আমি সেবা করি তখনই মূলত অর্জিত হয় সম্মান
আমাদের দলটিকে উত্তমরূপে পরিচালার কাজটি করার জন্য আমি কৃতিত্বের প্রত্যাশী– এটাই সফল্য	***নেতৃত্বের সাফল্য*** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	সাফল্য হলো আমার দলের সদস্যদেরকে এমনভাবে গোড়ে তোলা ও ক্ষমতায়িত করা, যেনো আমরা তাঁর মহিমার জন্য তাঁর কাজ শেষ করছি
নেতা হিসেবে আমি সাফল্য নিশ্চিত করার জন্য প্রয়োজন অনুসারে লোকদের ব্যবহার কোরে আমি আমাদের পরিচালার প্রত্যেকটি দিককে সরাসরি নিয়ন্ত্রণ করি	***নিয়ন্ত্রণ ১*** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আল্লাই নিয়ন্ত্রণকারী। নিজেদের দায়িত্ব পলনের জন্য যারা নিষ্ঠাবান, সেইসব বিশ্বস্ত লোকদের গোড়ে তোলা ও সাহায্য করার মাধ্যমে আমি আল্লাকে সহযোগিতা করি
আমি আমার কর্মীদের মধ্যে সমস্ত যোগাযোগের পাশাপাশি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে জড়িত থাকতে চাই	***নিয়ন্ত্রণ ২*** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমি সিদ্ধান্ত গ্রহণকে বিকেন্দ্রিকরণ করি, যাতে দলগতভাবে আমরা যে-পরিকল্পনা গ্রহণ করেছি তার সাথে সঙ্গতি রেখে বিশ্বস্ত সহকর্মীদের কাজ করার স্বাধীনতা থাকে
আমাদের কর্মীদলে আমি এটি নিশ্চিত করি যে, বহিরাগতরাসহ সবাই জানে যে, আমিই দায়িত্বপ্রাপ্ত নেতা।	***নেতৃত্বের আভিজাত্য*** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	একজন বহিরাগত পর্যবেক্ষক খুব সহজে হয়তো বুঝতে পারবে না যে, আমি দলনেতা। যেকোনো অঞ্চলে একজনের প্রতিভার ওপর ভিত্তি কোরে আমরা সহভাগিতামূলক নেতৃত্বের অনুশীলন করি
একজন নেতা হিসেবে আমার ভূমিকা হলো আমি যাদের নেতৃত্ব দেই, তাদের যতোজনকে যতোটা সম্ভব খুশি রেখে প্রভাবিত করা।	***জনসন্তুষ্টি*** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	মসিহকে, তাঁর রাজ্যের ও তাঁর লোকদের সেবা করতে গিয়ে নিশ্চিতভবে কখনে কখনো আমাকে কঠিন সিদ্ধান্ত গ্রহণ করতে হয়, যা কোনো কোনো বন্ধুকে অসুন্তুষ্ট করে
আমার নেতৃত্বাধীন লোকদের সাথে/জন্য আমি খুব কম সময় মোনাজাতে কাটাই।	***প্রার্থনাশীল নেতৃত্ব*** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমি যাদের নেতৃত্ব দেই, তাদের সাথে/জন্য আমি নিয়মিত মোনাজাত করি, কেননা তা তাদেরকে প্রভুর জন্য উৎসাহিত ও শক্তিশালী করে

প্রতিফলন:

- ওপরের কোন অঞ্চলগুলোতে আপনি ভালো করছেন? এখান থেকে আল্লাহ আপনাকে কীভাবে উৎসাহিত করছেন?
- আপনার যে-পরিবর্তনগুলো করতে হবে সে-সম্বন্ধে আল্লাহ আপনাকে কী বলছেন?– ক্ষমতা থেকে সেবাকারী নেতায় স্থানান্তরিত হওয়ার রূপান্তরমূলক মানের ব্যাপারে আপনার ব্যক্তিগত মূল্যায়নের ওপর ভিত্তি কোরে উত্তর দিন।
- কীসে আপনাকে বাঁ পাশের কলামে "বিশ্বাসী" কোরে রেখেছে? কীসের ভয়? কোন অতীত অভিজ্ঞতা? কোন চাপ এবং/কিংবা পীড়ন? আপনার সংস্কৃতির কোন কোন দিক পরিবর্তনের ক্ষেত্রে অন্তরায়?
- আপনার দিক থেকে প্রকৃত অনুতাপ কেমন হবে? আপনার জীবনশৈলীতে, মিনিস্ট্রিতে এবং/কিংবা নেতৃত্বের পদ্ধতিতে কোন কোন সুনির্দিষ্ট পরিবর্তন আপনাকে বাস্তাবায়ন করতে হবে?

সর্বস্বত্ব সংরক্ষিত

©২০২২ মেন্টরলিংক ইন্টারন্যাশনাল

মূল্যবোধের স্থানান্তর #৪:
আভিজাত্য ও স্বনির্ভরতা থেকে সহযোগিতা ও সমাজ পর্যন্ত

“যদিও সেখানে কাজ করার জন্য প্রভু আমাকে একটি সুযোগ করে দিয়েছেন, তবুও আমি মনে শান্তি পাইনি, কারণ আমার ইমানদার ভাই তিত সেখানে ছিলেন না। সেজন্য আমি তাদের ছেড়ে এগিয়ে চললাম...”

– ২করিন্থীয় ২:১২-১৩

ইসা মসিহের দ্বারা রূপান্তরিত নেতা এমন এক ব্যক্তি...যিনি একাকী ও বিচ্ছিন্নভাবে কাজ করার প্রবণতাকে– হোক তা অহঙ্কার কিংবা ভাগাভাগি করতে অনিচ্ছার কারণে– প্রতিরোধ করেন।
এই নেতা সম্পর্কের মূল্য দেন এবং তিনি তাঁর সামর্থ্য ব্যবহার করতে এবং তিনি যেখানে দুর্বল সেখানে যারা সবল তাদের সাথে কাজ করতে ইচ্ছুক।

স্বতন্ত্র্যভাবে কাজ করার চেয়ে দলীয় নেতৃত্বে কাজ করা প্রায়শই বেশ চ্যালেঞ্জিং...

আমরা কেউই সবকিছুতে পারদর্শী নই। সত্যিকার অর্থে আমাদের একজন অন্যজনকে প্রয়োজন। যদিও আমাদের সম্পর্ক ব্যাপক ভূমিকা রাখে, তবুও কখনো কখনো নিজে নিজে কাজ করার চেয়ে দলগতকাজ কঠিন ও ধীরগতিসম্পন্ন হয়। পরিচালনার জন্য দলীয় নেতৃত্ব যদি বেছে নেবার ব্যাপার হয়, তাহলে এই চ্যালেঞ্জ কোনোভাবেই এড়ানো যায় না। একে অন্যের জন্য দয়া ও মহব্বতে বেড়ে ওঠার পাশাপাশি আরো ফলপ্রসূ হওয়ার জন্য আমাদের অবশ্যই এই “পরীক্ষাগুলো” গ্রহণ করতে শিখতে হবে।

- একজন স্বনির্ভর নেতা হিসেবে কাজ করার ক্ষেত্রে কিছু জটিলতা কী কী?

- দলীয় নেতৃত্বে কাজ করার কয়েকটি পুরস্কার কী কী?

একজন মসিহকেন্দ্রিক নেতা এমন একজন মানুষ যিনি সহযোগিতা ও সমাজকে মূল্য দেন...

- ঠিক যেমন আল্লার একতা, বৈচিত্র ও সম্প্রীতি ত্রিত্বের ভেতর দিয়ে প্রদর্শিত হয়েছে, তেমনি দলগত নেতৃত্বের মাঝে সমতা ও সম্মানও আল্লার শক্তির এক অসাধারণ সাক্ষী হতে পারে।
- ইঞ্জিল শরিফের পূর্ববর্তী কিতাবগুলোতে বর্ণিত নেতৃত্বের “মহান ব্যক্তিত্বের” মডেল (নবীরা ও বাদশারা) প্রায়শই বর্তমানের জামাতের নেতাদের– যারা নিজেদেরকে “আল্লার অভিশিক্ত জন” বোলে মনে করে– দ্বারা অপমানজনক নেতৃত্বের পরিচয়ের ও অনুশীলনের দিকে পরিচালিত করে।
- প্রধান নেতা বিষয়ক ধারণা– এমনকি অন্যান্য নেতাদের মধ্যেও– ইঞ্জিল শরিফে বহিরাগত। মসিহকেন্দ্রিক নেতা দলবদ্ধ হয়ে কাজ করেন, সমমানের সদস্য হিসেবে জীবনযাপন করেন ও ভূমিকা রাখেন।
- একজন মসিহকেন্দ্রিক নেতা তাঁদের সাথে কাজ করেন, যাঁদের আধ্যাত্মিক দানগুলো তাঁর পরিপূরক।
- আত্মিকভাবে রূপান্তরিত নেতা তাঁর নিজের শক্তি ও দুর্বলতার কথা স্বীকার করেন এবং সেইসব লোকের সাথে কাজ করার উপায় খোঁজেন যাঁদের শক্তি তাঁর দুর্বলতার পরিপূরক। একথা মেনে নিতে তিনি লজ্জিত নন যে, তিনি সবকিছুই ভালোভাবে করতে পারেন না।

এই মৌলিক বক্তব্যগুলো শোনার পর, কিছু প্রতিক্রিয়া ব্যক্ত করুন। এইমাত্র আপনি যা শুনলেন তার সাথে আপনি কি একমত। এসব চিন্তা আপনার চিন্তাকে কীভাবে অনুপ্রাণিত করে?

 ©২০২২ মেন্টরলিংক ইন্টারন্যাশনাল

দলীয় নেতৃত্ব ও সহযোগিতার কিতাবভিত্তিক কয়েকটি দৃষ্টান্ত...

নিচের অনুচ্ছেদগুলো দেখুন এবং আপনার দলে সেগুলো নিয়ে আলোচনা করুন:

- **সাহাবিরা** (লুক ১০:১-২,১৭,২১) ইসা যখন ৭২জনকে প্রচারকাজে পাঠিয়েছিলেন, তখন তিনি তাঁদেরকে যদি একজন একজন কোরে পাঠাতেন, তাহলে তিনি দ্বিগুণ বা তারো বেশি গ্রাম অন্তর্ভুক্ত করতে পারতেন। তা না কোরে তিনি তাঁদেরকে ৩৬ জোড়ায় ভাগ কোরেছিলেন। তাঁরা ফিরে তাঁদের কর্মক্ষেত্রের অভিজ্ঞতা সম্বন্ধে কী প্রতিবেদন দিয়েছিলেন? তাঁরা কেমন অনুভব করেছিলেন? আবেগী স্তরে তাঁদের প্রচারকাজের ব্যাপারে ইসা কী প্রতিক্রিয়া ব্যক্ত করেছিলেন? একাকীর পরিবর্তে দলগতভাবে কাজ করার ব্যাপারে এটি কী নির্দেশ করে?

- **হযরত ইসা** (মার্ক ১৪:৩২-৩৪) হযরত ইসাকে কিছু কাজ একাকী করতে হয়েছিলো, কিন্তু গেৎসিমানিতে যে-রাতে তিনি বিশ্বাসঘাতকতার শিকার হয়েছিলেন, সে-রাতে নয়। পিতর, ইয়াকুব ও ইউহোন্নার কাছ থেকে তিনি কী ধরনের সাহায্যের প্রত্যাশী ছিলেন? এটি কি আপনাকে বিস্মিত করে যে, আল্লাহর পুত্র এতোটা দুর্বল ছিলেন? কেনো কিংবা কেনো নয়?

- **বার্নবাস** (প্রেরিত ১১:১৯-২৬) বার্নবাস যখন দেখতে পেয়েছিলেন যে, এন্টিয়কে অনেক কাজ করার আছে, তখন তিনি নিজে সবকিছু একাকী করার চেষ্টা করতে পারতেন, কিন্তু তিনি তা করেননি। সাহায্যের জন্য কীভাবে তিনি তাঁর আয়াত্তের বাইরে গিয়েছিলেন? সাহায্যকারীকে বেছে নেবার মাধ্যমে তিনি কী ধরনের ঝুকি নিয়েছিলেন? এই “দলগত কাজের” ফলাফল কী ছিলো?

- **পৌল** (২তিমথি ৪:৯-১৩, ১৯-২১) পৌল একজন খুবই গর্বিত ও স্বনির্ভর মানুষ হিসেবে কাজ শুরু করেছিলেন, কিন্তু তিনি বদলে গিয়েছিলেন। এই দুটি অনুচ্ছেদে তিনি কতোজন বন্ধু ও সহকর্মীর নাম উল্লেখ করেছেন? আপনি কি মনে করেন যে, সহযোগিতার নীতি অনুসরণ না করলে, তিনি যতোটা সফল হয়েছেন ততোটা হতে পারতেন? কেনো কিংবা কেনো নয়?

জেরুসালেম সম্মেলন: দলগত নেতৃত্বের ক্ষেত্রজরিপ (কেস স্টাডি)

প্রেরিত ১৫:১-২৯ পড়ুন এবং নিচের প্রশ্নগুলো আলোচনা করুন:

- জেরুসালেমে একত্রিত হওয়া “সাহাবি ও বুজুর্গদের” ভূমিকা ও দায়িত্ব কী ছিলো?
- এই সমাবেশের আলোচনায় পিতর, বার্নবাস, পৌল ও ইয়াকুব কী অবদান রেখেছিলেন? এই লোকদের একজনও কি সমাবেশের শেষ কথা বোলেছিলেন?
- কার কর্তৃত্বের অধীনে সমাবেশের চিঠিটি অইহুদি বিশ্বাসীদের কাছে পাঠানো হয়েছিলো?

সহযোগিতার মূল্যবোধের স্থানান্তরের প্রতি নিবিড় দৃষ্টি প্রদান

মূল্যবোধের স্থানান্তর নিয়ে আপনাদের ছোটো দলে নিচের প্রশ্নগুলো আলোচনা করুন:

১. সামগ্রিকভাবে এই মূল্যবোধের স্থানান্তর কী? আপনার নিজের ভাষায় প্রকাশ করুন।

২. এই মূল্যবোধের স্থানান্তরের ব্যাপারে আপনার দেশে নেতৃত্বের রীতি সম্বর্কে আপনার মূল্যায়ন কী?

৩. আপনার দেশে এই মূল্যবোধের স্থানান্তরের ব্যাপারে সবচেয়ে বড়ো প্রতিবন্ধকতা কী?

রূপান্তরমূলক মূল্যবোধ #৪ ব্যক্তিগত মূল্যায়ন

নিচের রূপান্তরমূলক মূল্যবোধে আপনার চিন্তা, মূল্যবোধ ও অনুশীলনে আপনি কোথায় আছেন তা মূল্যায়ন করুন। কেন্দ্রীয় কলামে থাকা সংখ্যাটিকে বৃত্তাবদ্ধ করুন, যা প্রত্যেক জোড়া বিবৃতির ব্যাপারে আপনার অবস্থান সর্বোত্তমভাবে নির্দেশ করে। যেমন: বাঁয়ের কলামের বিবৃতিগুলো যদি বেশিরভাগ সময়ে আপনার প্রতিনিধিত্ব করে তাহলে নিজেকে “১” দিন; আর ডান দিকের কলাম মিলে গেলে “১০” দিন; আর আপনি যদি মাঝামাঝি অবস্থানে থাকেন তাহলে “৫” দিন। সেই সাথে নিচের ছায়া-প্রশ্নগুলোর উত্তর দিন।

আভিজাত্য ও স্বনির্ভরতা	... থেকে ...	সহযোগিতা ও সম্প্রদায়
আমি দেখেছি দলগতকাজ ব্যয়বহুল ব্যাপার। আমাদের প্রত্যেকের মধ্যে নিজে নিজে কাজ করার জন্মগত “দক্ষতা” রয়েছে।	**একসাথে কাজ করা** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	একসাথে কাজ করলে আল্লাহ খুশি হন এবং দল অনুগ্রহলাভ করে।
একজন ভালো নেতাকে অবশ্যই একাকী হোতে হবে। আমি শুধু আল্লার কাছে দায়বদ্ধ এবং সুরক্ষার জন্য একমাত্র তাঁর ওপরেই ভরসা করি।	**একাকীত্ব** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	নেতা হিসেবে আমি দলকে মূল্যায়ন করি শুধু আল্লার কাজের কার্যকারিতার জন্য নয়, বরং আমার নিজের নিরাপত্তা ও বৃদ্ধির জন্যও।
না আমি দুর্বলতা প্রকাশ করি, না সমালোচনা বা সংশোধন সহ্য করি, কারণ তাহলে লোকে আমাকে অনুসরণ করবে না	**দুর্বলতা** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমি ভগ্নতা ও স্বচ্ছতার ভেতর দিয়ে পরিচালনার চেষ্টা করি, কেননা তা সমাজকে গড়ে তোলে এবং আল্লার শক্তি প্রকাশ করে
নেতা হিসেবে আমি সমস্ত উত্তর পাবার চেষ্টা করি এবং আমাদের ধর্মীয় কর্মকাণ্ড বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সমস্ত উপহার পাবার চেষ্টা করি	**সমস্ত কর্মদক্ষ** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	নেতা হিসেবে আমার এমন একটি দল প্রয়োজন যারা উত্তর খুজে পেতে সাহায্য করে, এবং সফল হওয়ার জন্য প্রয়োজনীয় উপহার মিশ্রনের পরিপূরক।
নেতা হিসেবে আমি আমার সাফল্যের জন্য কৃতিত্বের দাবিদার। স্বাভাবিকভাবে এটি সুনাম ও স্মৃতিচিহ্ন গোড়ে তোলে	**কৃতিত্ব** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আল্লার দেওয় যেকোনো সাফল্যের জন্য, একজন নেতা হিসেবে, আমি আমার দলের সদস্যদেরকে কৃতিত্ব দেই এবং আল্লার প্রশংসা করি
নেতা হিসেবে আমি জানি যে, আজকের সাফল্য আগামীদিনে আল্লার কাজের আরো বেশি সম্ভাবনার দুয়ার খুলে দেবে	**একজনের ভবিষ্যৎ** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমার ভবিষ্যৎ আমি আল্লার হাতে সপে দিয়েছি, এবং মেনে নিয়েছি যে, তিনিই আমাদের কাজের দায়িত্ব দেন এবং শুধুমাত্র বিশ্বস্ততা প্রত্যাশা করেন
আমাদের দলে, মনে হয় প্রত্যেকে একটি সুরক্ষামূলক মাস্ক পোরে আছে। এটি খুললে আমরা যথেষ্ট নিরাপদ বোধ করি না	**নিরাপদ স্থান** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমাদের দল একটি সম্পর্কযুক্ত নিরাপদ স্থানে পরিণত হচ্ছে, যেখানে আমাদের দুর্বলতা প্রকাশের ও জানান দেবার স্বাধীনতা রয়েছে
আমি চাই প্রত্যেকে নিজে নিজে কাজ করুক। সর্বোপরি আমাদের প্রত্যেকের অন্য স্থান রয়েছে, যেখানে আমরা মসিহি সহভাগিতা লাভ করতে পারি	**নিরাময় পরিবার** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমাদের দল একটি পরিবারের মতো হোয়ে উঠছে। প্রভুতে আমাদের স্বতন্ত্র্য বৃদ্ধির জন্য আমরা একজন অন্যজনকে সত্যিই সাহায্য করি
আমরা খুব কমই একসাথে মোনাজাত করি, এটিকে যান্ত্রিক ও অকার্যকর বোলে মনে হয়। আমি জানি না কীভাবে এটিকে আরো ভালো করা যায়	**দলগত মোনাজাত** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	মোনাজাত সবকিছু বদলে দেয়, সেজন্য আমরা এটিকে দলীয় অগ্রাধিকারে পরিণত করেছি। আমরা নিয়মিতভাবে একে অন্যো জন্য ও সাথে মোনাজাত করি

প্রতিফলন:

- ওপরের কোন অঞ্চলগুলোতে আপনি ভালো করছেন? এখান থেকে আল্লাহ আপনাকে কীভাবে উৎসাহিত করছেন?
- আপনার যে-পরিবর্তনগুলো করতে হবে সে-সম্বন্ধে আল্লাহ আপনাকে কী বলছেন?– আত্মকেন্দ্রিকতা থেকে দলবদ্ধতায় স্থানান্তরিত হওয়ার রূপান্তরমূলক মানের ব্যাপারে আপনার ব্যক্তিগত মূল্যায়নের ওপর ভিত্তি কোরে উত্তর দিন।
- কীসে আপনাকে বাঁ পাশের কলামে “বিশ্বাসী” কোরে রেখেছে? কীসের ভয়? কোন অতীত অভিজ্ঞতা? কোন চাপ এবং/কিংবা পীড়ন? আপনার সংস্কৃতির কোন কোন দিক পরিবর্তনের ক্ষেত্রে অন্তরায়?
- আপনার দিক থেকে প্রকৃত অনুতাপ কেমন হবে? আপনার জীবনশৈলীতে, মিনিস্ট্রিতে এবং কিংবা নেতৃত্বের পদ্ধতিতে কোন কোন সুনির্দিষ্ট পরিবর্তন আপনাকে বাস্তাবায়ন করতে হবে?

মূল্যবোধের স্থানান্তর #৫ঃ

নেতাদের আকস্মিক সংযোজন থেকে ইচ্ছাকৃত সংখ্যাবৃদ্ধি পর্যন্ত

“সন্তান আমার, মসিহ ইসার রহমতে তুমি শক্তিশালী হও। অনেক সাক্ষীর সামনে আমার মুখে যেসব শিক্ষার কথা তুমি শুনেছো, সেই শিক্ষা ধোরে রাখার জন্য তুমি তা এমন সব বিশ্বস্ত লোকদের দাও, যাদের অন্যদের শিক্ষা দেবার যোগ্যতা আছে।”

-২তিমথি ২:১-২

যে-নেতা ইসা মসিহের দ্বারা রূপান্তরিত, তিনি এমন একজন মানুষ, যিনি তাঁর নিজের জীবনে ও আল্লার কাজে পরামর্শদানকে অগ্রাধিকার দেন; পরবর্তী প্রজন্মের নেতাদের গোড়ে তুলতে তিনি সময় ও প্রচেষ্টা একান্তভাবে নিয়োগ করেন।

আল্লার কাজে হযরত ইসার এবং আমাদেরও সম্পর্কগত কৌশলের পর্যালোচনা। ডানদিকের রেখাচিত্রটি ব্যবহার কোরে আপনার লোকদের মনোযোগের শ্রেণিবিন্যাস করুন।



এই আলোচনা থেকে হযরত ইসার কৌশল সম্বন্ধে আপনি কোন নতুন অন্তরদৃষ্টি লাভ করেছেন?

আপনার কৌশল কীভাবে ‘হযরত ইসার’ সম্পর্কগত কৌশলের অনুকরণ করে? ইসার কৌশল থেকে আপনার কৌশল কীভাবে আলাদা?

আল্লার কাজের জন্য আপনার কৌশলে কোন কোন পরিবর্তন আপনাকে বিবেচনায় রাখতে হবে?

সর্বস্বত্ব সংরক্ষিত

©২০২২ মেন্টরলিংক ইন্টারন্যাশনাল

পৌঁছে দেওয়া

হযরত ইসা এই কৌশলে আল্লার রাজ্যের– আপনার-আমারসহ– গোটা ভবিষ্যৎকে ঝুঁকিতে ফেলে দিয়েছিলেন। এটি ছিলো জটিল ব্যাপার যে, ইসা উদ্দেশ্যমূলকভাবে নেতাদের প্রতি মনোযোগ দিয়েছিলেন...তাঁরা উদ্দেশ্যমূলকভাবে নেতাদের প্রতি মনোযোগ দিয়েছিলেন...তাঁরা আবার উদ্দেশ্যমূলকভাবে নেতাদের প্রতি মনোযোগ দিয়েছিলেন...! এখানে ইঞ্জিল শরিফে আরো কিছু লোক হযরত ইসার দৃষ্টান্ত অনুসরণ করেছিলেন:

- বার্নাবাস পৌল ও ইউহোন্না মার্ককে পরামর্শ দিয়েছিলেন: "এদিকে বার্নাবাস ও শৌলের কাজ শেষ হওয়াতে তাঁরা ইউহোন্নাকে সাথে নিয়ে জেরুসালেমে ফিরে গেলেন। এই ইউহোন্নাকে মার্ক নামেও ডাকা হোতো। প্রেরিত ১২:২৫)।
- পৌল পরামর্শ দিয়েছিলেন তিমথি, প্রিস্কিল্লা ও আকিলা এবং আরো অনেককে, "অনেক সঙ্গীর সাক্ষীর সামনে আমার মুখে যেসব শিক্ষার কথা তুমি শুনেছো, সেই শিক্ষা ধোরে রাখার জন্য তুমি তা এমন সব বিশ্বস্ত লোকদের দাও যাদের অন্যদের শিক্ষা দেবার যোগ্যতা আছে।" ২তিমথি ২:১-২।
- প্রিস্কিল্লা ও আকিলা আপল্লোকে পরামর্শ দিয়েছিলেন, "... প্রিস্কিল্লা ও আকিলা আপল্লোর কথা শুনে তাঁকে তাঁদের বাড়িতে দাওয়াত করলেন এবং আল্লার পথের বিষয়ে আরো ভালো কোরে তাঁকে বুঝিয়ে দিলেন।" প্রেরিত ১৮:২৬)।

প্রেরিত ১৯:৮-১০ আয়াত অধ্যয়নের মাধ্যমে, আসুন, আমরা আকস্মিক সংযোগ বনাম উদ্দেশ্যমূলক সংখ্যাবৃদ্ধির ওপর আমাদের ভাবনা অব্যাহত রাখি। এটি হলো কিতাবে বর্ণিত তুরান্নের বক্তৃতা দেবার ঘরে পৌলের পরামর্শ প্রদারের মাধ্যমে সংখ্যাবৃদ্ধির কাজের কাহিনী।

- প্ররিত ১৯:৮-১০ আয়াত পড়ুন। এই কাহিনী পড়ার সময় কীসে আপনাকে মুগ্ধ করে?
- প্রেরিত ১৩-১৮ এবং প্রেরিত ১৯:৮-১০ আয়াতের মধ্যে একজন জামাত গঠণকারী হিসেবে পৌলের কৌশলের পার্থক্য কেমন? কীভাবে পৌল বামপন্থী সংযোজনকারী নেতা থেকে ডানপন্থী সংখ্যাবৃদ্ধিকারী নেতা হিসেবে এগিয়ে চলেছিলেন?
- ১০ আয়াতের আলোকে ইফিসীয়তে পৌলের কাজের সুনির্দিষ্ট ফলাফলগুলো কী ছিলো? প্রকাশিত বাক্য ২-৩-এ বর্ণিত সাতটি জামাতের সাথে এটি কীভাবে সম্পর্কযুক্ত?
- আপনার অনুপ্রাণিত কল্পনাশক্তি ব্যবহার কোরে উত্তর দিন– তুরান্নের বক্তৃতা দেবার ঘরে প্রতিদিন কী ঘটতো বোলে আপনি মনে করেন, যা ১০ আয়াতের ফলাফল বাস্তবে রূপ পেতে ভূমিকা রেখেছিলো?

নিচের প্রশ্নগুলো দিয়ে শেষ করুন:

- হযরত ইসা কিংবা পৌল কি কখনো ব্যাপকভাবে নেতা তৈরির চেষ্টা করেছিলেন? কেনো কিংবা কেনো নয়?
- বর্তমানের প্রচারমুখী জামাতে কোন নেতার প্রতি বেশি মনোযোগ দেয়া হয়: যে-নেতা যোগ করেন, নাকি যে-নেতা সংখ্যাবৃদ্ধি করেন? একটা বা দুটো দৃষ্টান্ত দিন এবং আপনার উত্তর ব্যাখ্যা করুন।
- এই বিবৃতিটির সাথে একমত কিংবা দ্বিমত পোষণ করুন এবং অন্যদের কাছে আপনার প্রতিক্রিয়ার ব্যাখ্যা দিন: কোনো নেতা যদি উদ্দেশ্যমূলকভাবে এমন সব নেতা তৈরি না করেন যাঁরা আরো আরো নেতা তৈরি করবেন, তাহলে তিনি হযরত ইসার কিংবা তাঁর দৃষ্টান্তের অনুসরণ করছেন না।

সংখ্যাবৃদ্ধির মূল্যবোধের স্থানান্তরের প্রতি নিবিড় দৃষ্টি প্রদান

মূল্যবোধের স্থানান্তর নিয়ে আপনাদের ছোটো দলে নিচের প্রশ্নগুলো আলোচনা করুন:

১. সামগ্রিকভাবে এই মূল্যবোধের স্থানান্তর কী? আপনার নিজের ভাষায় প্রকাশ করুন।

২. এই মূল্যবোধের স্থানান্তরের ব্যাপারে আপনার দেশে নেতৃত্বের রীতি সম্বর্কে আপনার মূল্যায়ন কী?

৩. আপনার দেশে এই মূল্যবোধের স্থানান্তরের ব্যাপারে সবচেয়ে বড়ো প্রতিবন্ধকতা কী?

রূপান্তরমূলক মূল্যবোধ #৫ ব্যক্তিগত মূল্যায়ন

নিচের রূপান্তরমূলক মূল্যবোধে আপনার চিন্তা, মূল্যবোধ ও অনুশীলনে আপনি কোথায় আছেন তা মূল্যায়ন করুন। কেন্দ্রীয় কলামে থাকা সংখ্যাটিকে বৃত্তাবদ্ধ করুন, যা প্রত্যেক জোড়া বিবৃতির ব্যাপারে আপনার অবস্থান সর্বোত্তমভাবে নির্দেশ করে। যেমন: বাঁয়ের কলামের বিবৃতিগুলো যদি বেশিরভাগ সময়ে আপনার প্রতিনিধিত্ব করে তাহলে নিজেকে "১" দিন; আর ডান দিকের কলাম মিলে গেলে "১০" দিন; আর আপনি যদি মাঝামাঝি অবস্থানে থাকেন তাহলে "৫" দিন। সেই সাথে নিচের ছায়া-প্রশ্নগুলোর উত্তর দিন।

আকস্মিক সংযোগ	... থেকে...	উদ্দেশ্যমূলক সংখ্যাবৃদ্ধিতে
আমার স্বপ্ন হলো উল্লেখযোগ্য-সংখ্যক মানুষকে জয় করা ও তাদের বৃদ্ধি ঘটানো। আমি নিয়ন্ত্রক হোতে চাই	**সংখ্যাবৃদ্ধির দর্শন** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমার স্বপ্ন হলো মুভমেন্টকে সম্প্রসারণ ও পরিচালনা করতে সক্ষম এমন পুনরুৎপাদনকারী নেতাদের গোড়ে তোলার মাধ্যমে অনেককে মসিহের কাছে আসতে দেখা
কারো মিনিস্ট্রির সাফল্যের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হলো সংখ্যাগত বৃদ্ধি	**সংখ্যায় আকৃষ্ট** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	দীর্ঘমেয়াদী সংখ্যাতাত্ত্বিক বৃদ্ধির মূলমন্ত্র হলো পুনরুৎপাদনকারী সল্পসংখ্যক নেতার মানসম্মত বৃদ্ধি
উদীয়মান নেতাদের পরামর্শ দেবার মতো দক্ষতা, আগ্রহ ও সময় আমার নেই। আমি খুবই ব্যস্ত	**পরামর্শের অগ্রাধিকার** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	উদীয়মান নেতাদের পরামর্শ দেওয়াকে আমি অগ্রাধিকার দেই, কারণ দীর্ঘমেয়াদী কার্যকারিতার এটাই হলো চাবিকাঠি
আমি আমার দানগুলোর ব্যবহার এতোটাই উপভোগ করি যে, উদীয়মান নেতাদের আমি পরিচর্যা করতে পারি না	**মিনিস্ট্রির পূর্ণাঙ্গতা** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	তরুণ নেতাদের প্রস্ফুটন দেখার জন্য আমি আমার নিজের কোনো কোনো সাফল্য ত্যাগ করি
আমাদের মিনিস্ট্রি পরিচালনার জন্য বেশিরভাগ সময় আমরা ব্যবহার করবো বাইবেল স্কুল কিংবা অন্যদের দ্বারা প্রশিক্ষিত লোকদেরকে	**নেতৃত্ব গঠণ** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	গোটা ব্যক্তির– হৃদয়, দক্ষতা ও জ্ঞানের– ওপর দৃষ্টি রেখে আমরা আমাদের নিজস্ব নেতাদেরকে প্রশিক্ষিত করি
নেতৃত্ব গঠনের প্রশিক্ষণের মাধ্যমে আমরা কিতাবি জ্ঞান ও ধর্মপ্রচারণার দক্ষতা প্রদান করতে পারি	**চরিত্রের রূপান্তর** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আমরা লোকদের পরামর্শ দেই, কারণ ধর্মশীল চরিত্র গঠণের এটাই চাবিকাঠি। কার্যকরভাবে পরিচালনার এটাই কেন্দ্রবিন্দু
আমাদের আরো নেতা প্রয়োজন কিন্তু আমি আমার মিনিস্ট্রি নিয়ে এতোটাই ব্যস্ত যে, তা করার জন্য আমার হাতে যথেষ্ট সময় নেই	**উদ্দেশ্যপ্রবণতা** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	সম্ভাবনাময় নেতাদের জন্য আমার জীবন ঢেলে দিতে আমি ভীষণভাবে ইচ্ছুক, কেননা তারাই মিনিস্ট্রি বৃদ্ধির চাবিকাঠি
আমি মুনাজাতে বিশ্বাস করি কিন্তু সেটিকে আমি যা করছি তার কেন্দ্রে স্থাপন করার মতো সময়, শক্তি ও দক্ষতা আমার আছে বোলে মনে হয় না	**সংখ্যাবৃদ্ধির জন্য মোনাজাত** ১-২-৩-৪-৫-৬-৭-৮-৯-১০	আল্লার দীনের মহৎ আন্দোলনগুলো সবসময় মুনাজাতের উত্তর পেয়েছে, সুতরাং আমাদের কৌশলের কেন্দ্রীয় অংশ হলো মুনাজতের সংহতি

প্রতিফলন:

- ওপরের কোন অঞ্চলগুলোতে আপনি ভালো করছেন? এখান থেকে আল্লাহ আপনাকে কীভাবে উৎসাহিত করছেন?
- আপনার যে-পরিবর্তনগুলো করতে হবে সে-সম্বন্ধে আল্লাহ আপনাকে কী বলছেন?– সংযোজন থেকে সংখ্যাবৃদ্ধিতে স্থানান্তরিত হওয়ার রূপান্তরমূলক মানের ব্যাপারে আপনার ব্যক্তিগত মূল্যায়নের ওপর ভিত্তি কোরে উত্তর দিন।
- কীসে আপনাকে বাঁ পাশের কলামে "বিশ্বাসী" কোরে রেখেছে? কীসের ভয়? কোন অতীত অভিজ্ঞতা? কোন চাপ এবং/কিংবা পীড়ন? আপনার সংস্কৃতির কোন কোন দিক পরিবর্তনের ক্ষেত্রে অন্তরায়?
- আপনার দিক থেকে প্রকৃত অনুতাপ কেমন হবে? আপনার জীবনশৈলীতে, মিনিস্ট্রিতে এবং/কিংবা নেতৃত্বের পদ্ধতিতে কোন কোন সুনির্দিষ্ট পরিবর্তন আপনাকে বাস্তাবায়ন করতে হবে?

অধ্যায় ৩- মসিহ-কেন্দ্রিক নেতৃত্ব গঠণের দক্ষতাসমূহ

আপনার গল্প বলা

গল্প বলার শক্তি

- দীর্ঘকাল ধোরে বিশ্বের প্রত্যেকটি সংস্কৃতিতে ইতিহাসের যোগাযোগ ও মূল্যবোধ গঠনের প্রধান মাধ্যম হলো গল্প।
- গল্পগুলো হৃদয়, আবেগ ও কল্পনার পাশাপাশি মনকেও জড়িত করে।
- ইঞ্জিলের শক্তির আকর্ষণকারী ও বিশ্বাসযোগ্য ঘোষণা হলো আল্লাহ আপনার জীবনে কীভাবে কাজ করছেন সেবিষয়ে আপনার সাক্ষ্য (গল্প)।

গল্প বলার কিতাবী দৃষ্টান্ত

- **হযরত পৌলের দৃষ্টান্তঃ** নিচের প্রত্যেকটি অনুচ্ছেদে, পৌলের নিজের গল্প বা ইতিহাসের প্রতি আলোকপাত করার পেছনে তাঁর কী উদ্দেশ্য ছিলো? আপনার যেকোনো উপলব্ধি লিখুন।

  ✓ গালাতীয় ১:১১-২:১৩

  ✓ প্রেরিত ২২:১-২১

  ✓ প্রেরিত ২৬:১-২৯

  ✓ ফিলিপীয় ৩:৪-১৬

কেউ কেউ দৃষ্টান্ত হিসেবে তাদের গল্প বলে

নৈপুণ্যের সুযোগ নিন এবং আপনার গল্প বলুন

রূপান্তরমূলক পথপ্রদর্শকতার দক্ষতাসমূহ

I. মৌলিক দক্ষতা এক: পরামর্শগ্রহিতাদেরকে কীভাবে খুঁজে পাবেন

- **মূল্য নিরূপণ করুন**। পরামর্শপ্রদানের কাজে অন্যদের সাথে সংযুক্ত হওয়ার জন্য সময় ও মানসিক শক্তি বিনিয়োগ করতে সত্যিই কি আপনি ইচ্ছুক? পুরস্কার অসাধারণ, কিন্তু এর সাথে মূল্য সম্পৃক্ত।
- **মুনাজাত** করুন, তাঁর কাছে আপনার নিজেকে সহজলোভ্য করুন, "হে আল্লাহ, আমি পরামর্শ দিতে ইচ্ছুক।"
- আপনার **সক্ষমতা ও দুর্বলতা** চিহ্নিত করুন।
- সম্ভাব্য পরামর্শগ্রহিতাদেরকে **চিহ্নিত করুন**। জামাত, কাজ, ধর্মীয় কর্মকাণ্ডে সম্পৃক্ততা ও আশেপাশের আপনার ব্যক্তিগত অঞ্চলগুলোর প্রতি সতর্ক দৃষ্টি রাখুন।
- সম্ভাব্য পরামর্শগ্রহিতাদের বেশ কয়েকজনের সাথে **আস্থার সম্পর্ক** গোড়ে তুলুন। একসাথে মজা করুন।
- মুনাজাতসহকারে **ব্যক্তিদেরকে মূল্যায়ন করুন**; নিজেকে এই ধরনের প্রশ্ন করুন:
  - ✓ আমি এই লোকদের সাথে কেমন কোরে আস্থার সম্পর্ক গোড়ে তুলতে পারি?
  - ✓ তারা কি মসিহকে জানে এবং রুহানিভাবে বেড়ে উঠতে চায়?
  - ✓ মৌলিক সম্পর্কের ক্ষেত্রে তাদের অবস্থান কোথায়?
  - ✓ আমার ভাবনায় সম্ভাবনার সেইসব ক্ষেত্রগুলো কী কী যা মসিহ তাদের মাঝে বিকাশ ঘটাতে চান? কীভাবে?
  - ✓ তাদের বৃদ্ধির জন্য কী কী প্রয়োজন? এই প্রয়োজনগুলো কি তারা দেখতে পায়?
  - ✓ তাদের জীবনের যেসব ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন, আমি কি সেখানে ভূমিকা রাখতে পারি? উত্তর যদি না হয় তাহলে আমি কি বাইরের এমন কোনো সম্পদের কথা জানি যা তাদের জীবনে ভূমিকা রাখতে পারে?
  - ✓ তারা কি শিক্ষা নিতে ইচ্ছুক? তারা কি আমাকে তাদের জীবনে ভূমিকা রাখতে দেবে? তারা কি বৃদ্ধির দায়িত্ব নিতে ইচ্ছুক?
  - ✓ এই লোকেরা কীভাবে আমার জীবনে ভূমিকা রাখতে পারে? এই অনুমতি দিতে আমি কি ইচ্ছুক।
  - ✓ নিয়ন্ত্রণ না কোরে কেমন কোরে আমি প্রভাবিত করতে পারি?
- আপনার সম্পর্ক গোড়ে তুলতে ধীরে ধীরে এগিয়ে যান। আস্থা গোড়ে তুলতে সময় লাগে।
- পরামর্শগ্রহিতাদের কাছে বিনম্রতার সাথে আপনার পথনির্দেশনার সম্পর্কের প্রস্তাব দিন। তারা যদি তা গ্রহণ করে, তাহলে আপনার পথনির্দেশনামূলক সম্পর্ক কেমন হবে সেবিষয়ে বিশেষভাবে কথা বলুন (নিচেয় লক্ষ্য করুন)।

II. মৌলিক দক্ষতা দুই: আপনার পথনির্দেশনামূলক সম্পর্ক নিয়ে কীভাবে আলোচনা করবেন

- সম্পর্কের চরিত্র নির্ধারক বৈশিষ্ট্য নিয়ে খোলামেলা আলাপ করুন। এসব বিষয় নিয়ে আলোচনা করুন:
  - ✓ সম্পর্কের **লক্ষ্য**। আমরা আল্লাকে কী সম্পন্ন করতে দেখতে চাই?
  - ✓ প্রত্যেক ব্যক্তির **ভূমিকাগুলো** কী? পরামর্শগ্রহিতার? পরামর্শদাতার?
  - ✓ **বিষয় ও সমস্যা** যা অন্তর্ভুক্ত করা যেতে পারে (আপনার শক্তি/দুর্বলতাগুলোর মূল্যায়ন অন্তর্ভুক্ত করুন)।
  - ✓ কোন কোন **সম্পদ** ব্যবহৃত হতে পারে (উপাদান, অন্যান্য লোকজন, অভিজ্ঞতা প্রভৃতি)?
  - ✓ কতো ঘন ঘন আমরা একমাথে মিলিত হবো?
  - ✓ কোন কোন **সমস্যা** আমরা আশা করতে ও এড়াতে পারি?
  - ✓ **পরিকল্পনার সমাপ্তি:** যদিও আমরা চাই যে, আমাদের সম্পর্ক চলমান থাকুক এবং বছরের পর বছর ধোরে সক্রিয়ভাবে গভীরতা লাভ করুক, তবুও কখন আনুষ্ঠানিক পথনির্দেশনামূলক সম্পর্কের পরিবর্তন প্রয়োজন তা আমরা কীভাবে জানবো?
- সম্পর্কের চরিত্র নির্ধারক এসব বৈশিষ্ট্যের ওপর ঐকমত্যে আসুন এবং সেগুলো নিয়ে একসাথে মুনাজাত করুন।
- ভবিষ্যতে ভুলবোঝাবুঝি এড়ানোর জন্য লিখিতভাবে আমাদের পারস্পারিক চুক্তি করা কি যথাযথ হবে?

III. মৌলিক দক্ষতা তিন: পরামর্শগ্রহিতার আহ্বান ও প্রয়োজনগুলোকে কীভাবে মূল্যায়ন করবেন

- মুনাজাত করুন। মানুষের মনের কথা একমাত্র আল্লাই ভালো জানেন এবং কোথায় ও কীভাবে কাজ করতে হবে তা তিনিই দেখিয়ে দেবেন।
- সেবক-মানসিকতায় নিজেকে প্রতিজ্ঞাবদ্ধ করুন। আচরণ অনুকরণ করার কিংবা সন্তুষ্ট করার প্রলোভনকে এড়িয়ে চলুন। আপনার উদ্দেশ্য হলো একজন অন্যজনের সেবা করা এবং আর আল্লার উদ্দেশ্য হলো আপনাদের জীবন। এর অর্থ হলো লোকদের হৃদয়ের অনুসন্ধান করা, তাদের প্রকৃত বৃদ্ধির প্রয়োজনের মূল্যায়ন করা, এবং সত্যিকারের পরিবর্তনের জন্য মসিহের ওপর আস্থা রাখা।
- সম্পর্ক, কম্পর্ক এবং সম্পর্ক নিয়ে ভাবুন। আপনারটি গোড়ে তুলুন এবং সময়ের সাথে তাদের অন্যান্য প্রধান প্রধান সম্পর্কগুলো পর্যবেক্ষণ করুন।
- বিশেষ কোরে সম্পর্কের ক্ষেত্রে ঝোঁক বা উৎকৃষ্ট উদাহরণগুলো সন্ধান করুন। বার বার কী আসতেই আছে? যেমন: লোকদের সাথে কেউ উদ্ধত ও অসংবেদী হওয়ার দৃষ্টান্ত প্রদর্শন করতে পারে।
- ব্যক্তিগত প্রতিফলন ও স্বমূল্যায়নকে উদ্দীপিত করে এমন উত্তেজক প্রশ্ন জিজ্ঞেস কোরে আপনার কৌতূহলকে নিবৃত করুন।
- প্রত্যেকের জীবনে আল্লার অনন্য আহ্বান ও পরিকল্পনা কী? তিনি আল্লার সেরা শিল্পকর্ম।
- উত্তমরূপে ও ধারাবাহিকভাবে শুনুন।
- বিশ্লেষণ করুন: আমাদের জীবন ইঞ্জিলের সাথে কোথায় সঙ্গতিপূর্ণ নয়? আল্লার কথা কি আমরা বিশ্বাস করি না? আমাদের নিজেদের, আল্লার, আমাদের জীবনের ও কাজের বিষয়ে আমরা কোন কোন মিথ্যা বিশ্বাস করি? কোন আবেগ ও উদ্দেশ্য আমাদের চালিত করছে?

IV. মৌলিক দক্ষতা চার: পথপ্রদর্শকদের খুঁজতে হয় কীভাবে

- মোনাজাত করুন, যেনো আল্লাহ আপনার জন্য একজন পথপ্রদর্শক যুগিয়ে দেন।
- শিক্ষাগ্রহণে ইচ্ছুক হোয়ে উঠুন। আপনি কি সত্যিকারভাবে এমন বৃদ্ধি ও পরিবর্তনের জন্য প্রস্তুত, যা আল্লাহ আপনার জন্য স্মরণে রাখবেন?
- যেসব এলাকায় আপনার সাহায্য প্রয়োজন তা চিহ্নিত করুন।
- পথপ্রদর্শকদের সম্ভাব্য উৎস নিয়ে চিন্তাভাবনা করুন (নামের জন্য আপনার বিশ্বস্ত লোকদেরকে জিজ্ঞেস করুন)।
- সম্পর্কস্থাপনকারী ব্যক্তিদের সাথে সময় কাটান।
- মোনাজাতসহকারে অন্যদের মূল্যায়ন করুন; নিজেকে এই ধরনের প্রশ্ন করুন:
  - ✓ আমরা কি প্রভুকে মহব্বত করি এবং তাঁর সাথে পথ চলি?
  - ✓ আমাদের প্রাথমিক সম্পর্কগুলো কি সুবিন্যাস্ত? (স্ত্রী, ছেলেমেয়ে, জামাত, প্রতিবেশি, সহকর্মী প্রভৃতি)।
  - ✓ জীবনের যেসব ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন, সেসব ক্ষেত্রে আমরা কি ভূমিকা রাখতে পারি?
  - ✓ আমরা কি শিক্ষাগ্রহণে ইচ্ছুক? আমরা কি একে অপরকে আমাদের জীবনে ভূমিকা রাখতে দেবো?
  - ✓ আমাদের হৃদয়ে একে অপরের সেরা স্বার্থ আছে কি?
  - ✓ আমরা কি একে অপরকে বিশ্বাস করি?
  - ✓ আমরা কি অন্যদের সত্যিকারের সেবার মানসিকতাসম্পন্ন নেতা (নাকি আমরা নিয়ন্ত্রণবাদী)?
  - ✓ আমরা কি পরামর্শ দেওয়ার দায়িত্ব নিতে ইচ্ছুক?
- আপনাকে পরামর্শ দেবার জন্য অন্যদের নিমন্ত্রণ করুন। তিনি যদি রাজি থাকেন, তাহলে আপনার পথপ্রদর্শনামূলক সম্পর্কের চরিত্রগত বৈশিষ্ট্যগুলো আপসে ঠিক করুন (ওপরের দক্ষতা ২ দেখুন)।

অধ্যায় ৪- মসিহকেন্দ্রিক নেতাদের আন্দোলন গোড়ে তুলতে আল্লার সাথে সহযোগিতা করা

আপনার নিজের জীবনে ও সেই সাথে যে-ধর্মীয় কাজে আল্লাহ আপনাকে সম্পৃক্ত করেছেন– এই উভয় ক্ষেত্রেই যোগসূত্রগুলোকে একসাথে টানতে শুরু করার সময় এসেছে।

আমাদের চূড়ান্ত লক্ষ্য *পৌঁছে দেওয়া*! প্রশিক্ষণ আপনার জন্য, যেনো আপনার এমন একটি *কর্মপরিকল্পনা* থাকে, যা আপনি এখন যেখানে আছেন, সেখান থেকে আপনাকে সেখানে নিয়ে যাবে, যেখানে আপনি থাকতে চান। কিন্তু আমরা এটি করার আগে, আসুন, আমরা দেখি পরামর্শ প্রদানকারী আন্দোলন সম্বন্ধে কিতাব কী বলে এবং তা আমাদেরকে এবং আমরা যাদেরকে পরিচালিত করছি তাদেরকে কীভাবে প্রভাবিত করতে পারে তা বিবেচনা করি।

কিতাবে আল্লার আন্দোলন এবং বর্তমানের আন্দোলন

আগেকার কিতাব ও ইঞ্জিল শরিফে বর্ণিত কয়েকটি আন্দোলনের দৃষ্টান্ত:

আগেকার কিতবে বর্ণিত আন্দোলন

- ইউসা
- দাউদ
- আসা/হিস্কিয়/ইউসিয়া
- উযায়ের/নহিমিয়া
- ইস্টের/মর্দখয়
- দানিয়েল ও বন্ধুরা

ইঞ্জিল শরিফে বর্ণিত আন্দোলন

- ইয়াহিয়া/ইসা
- (ইউহোন্না ৪ ও প্রেরিত ৮)
- জেরুজালেম (প্রেরিত ২)
- পৌলের জামাত গঠণের কাজ
- ইফিসীয় (প্রেরিত ১৯:৮-১০)
- থেসলনকীয় (১থেসলনকীয় ১:৭-৮)

ভূমি/বীজবপনকারীর উপমা এবং ধর্মীয় আন্দোলন: মথি ১৩:১৮-২৩

এই উপমাটিকে সাধারণত ধর্মপ্রচারণা-সংক্রান্ত বোলে মনে করা হয়ে থাকে। কিন্তু এখানে ইসা ধর্মীয় আন্দোলন সম্বন্ধে যা বলেছেন তা আমাদের বলার অনুমতি দিন:

এখন তোমরা চাষীর গল্পের অর্থ শোনো: যখন কেউ বেহেশতী রাজ্যের কথা শুনেও বোঝে না তখন শয়তান এসে তার দিলে যে-কথা বোনা হয়েছিলো তা কোড়ে নেয়। সেই পথের পাশে পড়া বীজের মধ্য দিয়ে এই রকম লোদের সম্বন্ধে বলা হয়েছে। আর পাথুরে জমিতে বোনা বীজের মধ্য দিয়ে তাদের সম্বন্ধে বলা হয়েছে যারা বেহেশতী রাজ্যের কথা শুনে তখনই আনন্দের সাথে তা গ্রহণ করে, কিন্তু তাদের মধ্যে শেকড় ভালো কোনে বসে না বোলে তারা অল্প সময়ের জন্য স্থির থাকে। যখন সেই কথার জন্য কষ্ট এবং জুলুম আসে তখনই তারা পিছিয়ে যায়। কাঁটার মধ্যে বোনা বীজের মধ্য দিয়ে তাদের সম্বন্ধে বলা হয়েছে যারা সেই কথা শোনে কিন্তু সংসারের চিন্তাভাবনা এবং ধনসম্পত্তির মায়া সেই কথাকে চেপে রাখে। সেজন্য তাতে কোনো ফল হয় না। *ভালো জমিতে বোনা বীজের মধ্য দিয়ে তাদের সম্বন্ধে বলা হয়েছে যারা সেই কথা শুনে বোঝে এবং ফল দেয়। কেউ দেয় একশো গুণ, কেউ দেয় ষাট গুণ আর কেউ দেয় ত্রিশ গুণ।*

- প্রথম তিন ধরনের মাটির সমস্যা কী ছিলো? যেসব প্রতিবন্ধকতা আন্দোলনের শুরু কিংবা বিকাশ ঘটাতে দেয় না, সেগুলোর সাথে এর কী সম্পর্ক?

- চতুর্থ ধরনের মাটি কীভাবে একটি আন্দোলনের প্রতিনিধিত্ব করে? কেনো আপনি মনে করেন যে, ইসা ভিন্ন ভিন্ন পরিমানের ফলাফলের কথা বলেছেন?

- এই উপমা থেকে আন্দোলন সম্বন্ধে আপনার আর কী কী ভাবনা আছে?

প্রতিষ্ঠান ও ধর্মআন্দোলনের মধ্যে পার্থক্য

সকলের দেখার জন্য, ছোটো ছোটো দলে, প্রতিষ্ঠান ও ধর্মআন্দোলনের মধ্যকার পার্থক্যগুলো এবং আপনার পর্যবেক্ষণ লিখে রাখুন। আপনি যাতে ভাবতে শুরু করতে পারেন সেজন্য নিচের প্রত্যেকটি কলামে কয়েকটি ধারণা লিখে দেওয়া হয়েছে:

প্রতিষ্ঠান	ধর্মআন্দোলন
১. কর্মসূচি	১. সম্পর্ক
২. পরিমান সবচেয়ে গুরুত্বপূর্ণ	২. গুণগতমান খুব গুরুত্বপূর্ণ
৩. ওপর থেকে নিম্নমুখী নেতৃত্ব	৩. নিম্ন থেকে উর্ধ্বমুখী (তৃণমূল) নেতৃত্ব
৪. সাংগঠনিক	৪. সামগ্রিক সত্তা
৫. অন্যান্য: নিচে আপনার ধারনাগুলো লিখুন	৫. অন্যান্য: নিচে আপনার ধারনাগুলো লিখুন

কিতাবে বর্ণিত আন্দোলনের ওপর চূড়ান্ত কিছু প্রতিফলন...

- মোনাজাতের ভেতর দিয়ে আল্লার ওপর নির্ভরতার মাঝে নিহিত:
  - ১) প্রেরিত ১:৪ চালিত করে প্রেরিত ২:১-৪৭-এ (মসিহের অনুসারীদের সংখ্যাবৃদ্ধিকরণ)
  - ২) প্রেরিত ১২:৫ চালিত করে প্রেরিত ১২:৬-১৭-তে (আল্লার কষ্টভোগী বান্দাদের ঐশ্বরিক মুক্তি)
  - ৩) প্রেরিত ১৩:১-৩ চালিত করে প্রেরিত ১৩:৪-১৪:২৮-এ (জামাতগুলোর সংখ্যাবৃদ্ধি)
- দুই ধরনের অতিগুরুত্বপূর্ণ নেতার দ্বারা পরিচালিত: বিজয়ী ও অনুঘটক:
  - ৪) ইস্টের (দৃশ্যমান বিজয়ী) ও মর্দখয় (অদৃশ্য অনুঘটক)
  - ৫) নহিমিয়া (দৃশ্যমান বিজয়ী) ও উযায়ের (অদৃশ্য অনুঘটক)
  - ৬) ইসা (দৃশ্যমান বিজয়ী) ও ইয়াহিয়া (অদৃশ্য অনুঘটক)
  - ৭) পৌল (দৃশ্যমান বিজয়ী) ও বার্নাবাস (অদৃশ্য অনুঘটক)
- সাধারণত দুই প্রজন্মের বেশি স্থায়ী হয় না:
  - ৮) মুসা ও ইউসা, তারপর বিচারকবৃন্দ ২:১০
  - ৯) দাউদ ও সুলায়মান, তারপর ১রাজাবলি ১১
  - ১০) ইফিসীয় ১৯:৮-১০ (নতুন জামাত) এবং প্রকাশিত বাক্য ২:১-৭ (দ্বিতীয় প্রজন্মের জামাত)

অবশেষে, আপনার ছোটো দলে, আপনার দেশে বা মিনিস্ট্রি বিন্যাসে একটি আন্দোলন কেমন হোতে পারে তা বর্ণনা করুন এবং লিখে রাখুন:

“অন্তরতম-১-২-৩” হাতিয়ার

<u>বিভিন্ন প্রকার পথপ্রদর্শনামূলক সম্পর্কের ভেতর যেসব মানুষের সাথে আপনি মিলিত হোতে পারেন তাদের কথা ভাবুন:</u>

১. প্রত্যেক পৌলের একজন বার্নাবাস প্রয়োজন:
এই শ্রেণিতে আপনি পরামর্শক হিসেবে ডাকতে পারেন এমন লোকদের নাম লিখুন

১ ____________________

____

____

২. প্রত্যেক পৌলের একজন লুক প্রয়োজন:
এই শ্রেণিতে আপনার সহযোগী পরামর্শক হওয়ার জন্য ডাকতে পারেন এমন অপেশাদার লোকদের নাম লিখুন

২ ____________________

____

____

২. প্রত্যেক পৌলের একজন পিতর প্রয়োজন:
এই শ্রেণিতে আপনার এমন সব মিনিস্ট্রি-সহযোগীদের নাম লিখুন যাদেরকে আপনি সহযোগী পরামর্শক হওয়ার জন্য ডাকতে পারেন

২ ____________________

____

____



৩. প্রত্যেক পৌলের একজন তিমথি, তিত ও অন্যদেরকে প্রয়োজন:
এই শ্রেণিতে এমন সব লোকের নাম লিখুন যাদেরকে আপনি একটি পরামর্শক দলে প্রভাবিত করতে পারেন (ইতোমধ্যে যাদের সাথে আপনি মিলিত হয়েছেন তারা ছাড়াও)

৩ ____________________

____

____

হৃদয়: প্রত্যেক নেতার সংখ্যাবৃদ্ধির জন্য একটি হৃদয় থাকা উচিত

এই কোর্স চলাকালে আমরা যাকিছু আলোচনা করেছি তা বিবেচনায় রেখে, আল্লার সাথে আপনার ব্যক্তিগত হৃদয়ের কোন বিষয়গুলোর সমাধান প্রয়োজন? মোনাজাত করুন। তারপর নিচের কর্মপরিকল্পনায় আপনার ধারণাগুলো লিখুন

শুরু করার পদক্ষেপ

শুরু করার জন্য প্রস্তাবিত এসব পদক্ষেপ পড়ে নিন।
ডানপাশের কলামে আপনার নোট ও পর্যবেক্ষণ লিখে রাখুন।

১. **মোনাজাত করুন** এবং আল্লাকে বলুন পরামর্শদানের জন্য আপনি প্রস্তুত। সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আল্লার নিকট থেকে বিজ্ঞতা চেয়ে নিন।- লুক ৬:১২, ১৩। নিচের প্রত্যেকটি পদক্ষেপের জন্য মোনাজাত অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২. পরামর্শদানের জন্য ওপরের পৃষ্ঠা থেকে এক বা একাধিক লোককে **বেছে নিন**। "বিশ্বস্ত ব্যক্তিকে" খুঁজে নিন। ২তিমথি ২:২; লুক ১৬:১০-১২।

৩. আপনার **সম্পর্ক** গোড়ে তুলতে, মসিহি জীবনের দৃষ্টান্ত হোতে এবং তাদের বৃদ্ধির প্রয়োজনীয়তা সম্বন্ধে অন্তরদৃষ্টি লাভের জন্য পরামর্শগ্রহিতার/গ্রহিতাদের সাথে উপযুক্ত **সময়** অতিবাহিত করুন।– ১ থেসলনিকীয় ২:৭-১২।

- শুধু একসাথে থাকুন। একে অপরের বাড়িতে, কর্মক্ষেত্রে যান।
- একসাথে মজা করুন।
- আল্লার কাজ করার জন্য তাদেরকে আপনার সাথে নিয়ে "তাদেরকে বাড়িয়ে তুলুন"।
- একে অপরের কাছে আপনাদের ব্যক্তিগত গল্পগুলো বলুন।

দ্রষ্টব্য: নিজেকে অতিমাত্রায় দিয়ে দেওয়া থেকে সবধান থাকুন। পরামর্শপ্রদান তুলনামূলকভাবে নিবিড় ও সময়সাপেক্ষ্য।

৪. মনোযোগ দিয়ে শুনে এবং শক্তিশালী প্রশ্ন জিজ্ঞেস করার মাধ্যমে **তাদের হৃদয়ের ছবি আঁকুন**। বিশেষ কোরে তাদের সম্পর্কের মধ্যে কোনো অসঙ্গতির নমুনা আছে কিনা তা লক্ষ্য করুন।

৫. তাদের জীবনের প্রয়োজনের মূল ক্ষেত্রগুলোতে আল্লার উত্তর খুঁজতে **একসাথে কালাম অধ্যয়ন করুন**।

৬. মিনিস্ট্রিতে তাদের **রুহানি দানগুলোর** মূল্যায়ন ও ব্যবহার করতে তাদেরকে সাহায্য করুন।

৭. তাদের জীবনে **ধর্মীয় কাজে আল্লার আহ্বান ও দর্শন** উপলব্ধি করতে তাদেরকে সাহায্য করুন।

দ্রষ্টব্য: রূপান্তরমূলক মূল্যবোধের সম্বন্ধযুক্ত ক্ষেত্রগুলোর কথা স্মরণে রাখুন।

৮. **তাদের দুর্বলতার ক্ষেত্রগুলোর** মুখোমুখি হোতে ও **বৃদ্ধি পেতে** তাদেরকে সাহায্য করুন; সাহায্য করুন ওসব সমস্যায় যা তাদের আহ্বান বাস্তবায়নের ও তাদের দানগুলোর ব্যবহারের পথে হাজির হোতে পারে।

৯. আল্লাহ তাদের কাছে যা প্রকাশ করছেন তার জন্য তাদেরকে **দায়বদ্ধ** থাকার প্রস্তাব দিন। মনে রাখবেন এটি আল্লার এজেন্ডা, যার জন্য তাদেরকে জবাবদিহি করতে হবে, আপনাকে নয়।

১০. আনুষ্ঠানিক পরামর্শদান শেষ হওয়ার পরেও চলমান মোনাজাত, উৎসাহ, প্রতিক্রিয়া ও **বন্ধুত্বের** জন্য সহজলোভ্য হোন।

দ্রষ্টব্য: আপনি যদি কোনো একটি ক্ষেত্রে বলিষ্ঠ না হন, তাহলে তাদেরকে এমন কারো সাথে যুক্ত কোরে দিন, যিনি আপনার পরামর্শগ্রহিতার জীবনে তা যোগন দিতে পারেন।

কর্মপরিকল্পনা

এই সপ্তাহে আল্লাহ আপনাকে কোন কোন সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিগত বার্তা প্রদান করেছেন?

১.

২.

৩.

আল্লাহ আপনাকে ব্যক্তিগতভাবে যা করতে বলেছেন তা কার্যকর করার প্রাথমিক বাধাগুলো কী কী?

১.

২.

৩.

আপনার বেহেশতি পথপ্রদর্শকের, রুহুলকুদ্দুসের, সহযোগিতায় আপনার পথপ্রদর্শনামূলক জীবনধারা শুরু করতে বা এগিয়ে নিতে আপনার কোন কোন বিষয়গুলোতে জরুরি মনোযোগ দেওয়া প্রয়োজন?

১.

২.

৩.

আপনার সম্ভাব্য প্রথপ্রদর্শনামূলক সম্পর্কগুলো কী কী (পরিবারের সদস্যরাসহ)?

- সহপথপ্রদর্শক(রা): ______________________ ________________________
- "তিমথিরা": ______________________ ________________________
- "পৌলরা": ______________________ ________________________

আপনার পথপ্রদর্শনায় বৃদ্ধি পাওয়ার কিংবা এই লোকদের দ্বারা পথপ্রদর্শিত হওয়ার কাজটি শুরু করতে আপনি যা যা করতে পারেন তার একটি তালিকা তৈরি করুন:

১.

২.

৩.

এখন আপনার মিনিস্ট্রি কিংবা সংগঠনের দলের অন্যান্যদের সাথে একত্রিত হোন। পুঙ্খানুপুঙ্খভাবে চিন্তা করুন এবং নিচের প্রশ্নগুলোর ব্যাপারে আপনাদের প্রতিক্রিয়া লিখে রাখুন:

এই সপ্তাহে আল্লাহ আপনাকে কোন কোন সবচেয়ে গুরুত্বপূর্ণ সাংগঠনিক বার্তা প্রদান করেছেন?

১.

২.

৩.

আল্লাহ আপনাকে একজন নেতা হিসেবে যা করতে বলেছেন তা কর্যকর করার প্রাথমিক বাধাগুলো কী কী?

১.

২.

৩.

আপনার বেহেশতি পথপ্রদর্শকের, রুহুলকুদ্দুসের, সহযোগিতায় আপনার সংগঠনের জন্য কোন কোন বিষয়গুলোতে জরুরি মনোযোগ দেওয়া প্রয়োজন, যাতে তা এগিয়ে যেতে্ পারে বা পথপ্রদর্শনামূলক পরিবেশের বৃদ্ধি ঘটাতে পারে?

আপনার সংগঠনের সম্ভাব্যভাবে পথপ্রদর্শনা শুরু কিংবা বৃদ্ধির জন্য আপনার সংগঠন করতে পারে এমন কয়েকটি ধারণার তালিকা তৈরি করুন।

১.

২.

৩.

মেন্টরলিংক-এর অন্যান্য উপকরণ

নেতারা হযরত ইসাকে অনুসরণ করেন

এই মডিউলটি হলো অন্যান্য মডিউলের একটি ভূমিকা। এটি জামাত, ছায়া-জামাতের ধর্মীয় কার্যক্রম, মসিহি সংগঠন ও বাজারে কর্মরত মসিহিদের উদ্দেশে তৈরি করা হয়েছে। এর উদ্দেশ্য হলো নেতারা তাঁদের সংগঠনে যে-নেতৃত্বের অনুশীলন করেন তার ধরন মূল্যায়ন করতে এবং এটিকে ইঞ্জিল শরিফের আদর্শের সাথে সামাঞ্জস্যপূর্ণ করতে নেতাদেরকে সাহায্য করা। এই মডিউলে অংশগ্রহণকরীরা মেন্টরলিংক প্রশিক্ষণের অন্তর্গত মৌলিক ধারণা ও শেখার প্রক্রিয়া– এই উভয়ই বুঝতে পারবেন।

হযরত ইসার মতো নেতৃত্ব দিন

বিশ্বে নেতৃত্বের আদর্শ পরিষ্কার। কিন্তু হযরত ইসা আল্লার রাজ্যের জন্য তাঁর অনুসারীদেরকে এক ভিন্নতর নেতৃত্বের আদর্শের দিকে আহ্বান করেন। এই মডিউলটি আপনাকে এবং আপনার দলকে এই বাস্তবতা আবিষ্কার করতে এবং আপনার জীবনে, নেতৃত্বে ও পরামর্শপ্রদানে এর প্রভাব প্রয়োগ করতে সাহায্য করবে।

তাঁর রাজ্য গোড়ে তুলুন

হযরত ইসা আল্লাহর রাজ্য সম্বন্ধে প্রচার করতে এসেছিলেন। তাঁর রাজ্য এই জীবনের ও ভবিষ্যৎ জীবনের চূড়ান্ত বাস্তবতা। অনেকেই তাঁদের নিজস্ব সাম্রাজ্য গোড়ে তোলেন; যদিও তাঁরা মনে করেন যে, তাঁরা আল্লার রাজ্য গোড়ে তুলছেন, আসলে তাঁদের প্রক্রিয়া ও উদ্দেশ্য আল্লার রাজ্যের সাথে সাংঘর্ষিক। এই মডিউলটি আপনাকে ও আপনার দলকে আল্লার রাজ্য গোড়ে তোলা এবং নিজের সাম্রাজ্য গোড়ে তোলা নেতার মধ্যে পার্থক্য দেখতে সাহায্য করবে। তাছাড়া এই মডিউলটি আপনাকে এই সচেতনতার ব্যাপারে অন্যদেরকে পরামর্শ দিতে সাহায্য করবে।

অনন্তকালের আলোতে নেতৃত্ব দিন

ইসা তাঁর সেবাকারী নেতাদের কীভাবে মূল্যায়ন করবেন, সেবিষয়ে তাঁর অনেককিছু বলার ছিলো। ভণ্ডনেতাদের উদ্দেশে তিনি অনেক কড়া কথা বলেছিলেন। যাঁরা বিশ্বস্ততার সাথে ইসার সেবা করবেন, তাঁদেরকে তিনি পুরস্কার দেবার প্রতিশ্রুতি দিয়েছেন। এই অনন্তকালীন দৃষ্টিভঙ্গী লাভ করলে নেতারা যে-ব্যক্তিগত সুবিধা পাবেন, সে-সম্বন্ধে এই মডিউলটি ধারণা প্রদান করবে।

ক্ষমার পবিবেশ তৈরি করুন

কীভাবে আমরা লোকদের পরামর্শ দেই এবং তাদের সাথে আচরণ করি তার উৎস নিহিত থাকে মসিহ আমাদের জন্য কী করেছেন এবং করছেন তা উপলব্ধির ভেতরে। এই মডিউলটি আপনাকে ও আপনার দলকে ক্ষমার সুসমাচারের গভীরতা ও সমৃদ্ধি এবং আপনার নেতৃত্ব ও পরামর্শদানে এর প্রয়োগ সম্বন্ধে গভীরভাবে বুঝতে সাহায্য করবে।

নেতা হিসেবে সহযোগিতা করুন

ইসা মসিহ যাঁদেরকে বেছে নিয়েছিলেন তাঁদেরকে তিনি পথ দেখাতেন এবং তাঁদের সাথে থাকতেন। হযরত পৌল সব সময় এমন একজনের সাথে থাকতেন যিনি তাঁর সাথে শ্রম দিতেন; পর্যায়ক্রমে তিনি তাঁকে পরামর্শ দিতেন। এই মডিউলটি আপনাকে ও আপনার দলকে অংশীদারিত্ব ও সমাজের পেক্ষাপটে নেতৃত্ব দেওয়ার ও পরামর্শপ্রদানের অনুশীলন গোড়ে তুলতে সাহায্য করবে।

সর্বস্বত্ব সংরক্ষিত

©২০২২ মেন্টরলিংক ইন্টারন্যাশনাল

নেতারা ইসা মসিহের মধ্যে থাকেন

ইসা মসিহের সাহাবিদের উদ্দেশে তাঁর শেষ কয়েকটি কথা ছিলো, "আমার মধ্যে থাকো।" প্রেরিত ইউহোন্না এটির প্রতিফলন ঘটিয়েছেন, "যে বলে সে তাঁর মধ্যে থাকে, তার উচিত তিনি যেভাবে চলতেন সেভাবে চলা।" এই মডিউলটি পরামর্শদাতাদের এবং পরামর্শদাতা দলগুলোর জন্য ইসা মসিহের সাথে তাদের নিজস্ব পথচলা দেখার দরোজা খুলে দেয়। আমরা যে পুত্রের সাথে এবং একে অন্যের সাথে সহভাগিতা করি তা এই "কেন্দ্র" থেকে হয়। আমরা যে তাঁর রাজ্যের জন্য ফল ধরাই, তাও এই কেন্দ্র থেকে হয়।

নেতার অঙ্গীকারনামা

ইসা মসিহ তাঁর নেতাদের কাছ থেকে কী চান সেবিষয়ে তিনি খুবই স্পষ্ট। সর্বোপরি তিনি প্রভু! এই অঙ্গীকারনামাটি এটিকে খুব সহজ ভাষায় প্রকাশ করে যাতে আমরা ইসা মসিহের সরলতা ও স্পষ্টতা এবং সাহাবিদের শিক্ষা ও আদর্শ পরিত্যাগ করতে না পারি। পত্রিকার নিবন্ধ পাঠের মতো আপনি ৩০ সেকেন্ডে এটি পড়ার পরিকল্পনা করতে পারেন, কিংবা আপনি এটিকে পাঁচ মিনিটের কম সময়ে পড়তে পারেন, কিন্তু এটি অধ্যয়নে আপনি ঘন্টর পর ঘন্টা ব্যয় করতে পারেন। যে-নেতারা ইসা মসিহের মতো আরো বেশি পরিচালনা করতে চান, তাঁদের জন্য এটি একটি উপকরণ।

পথপ্রদর্শককে খুঁজে নিন... পথপ্রদর্শক হোন!

একজন পথপ্রদর্শককে খুঁজে পাবার কিংবা নিজে পথপ্রদর্শক হওয়ার জন্য মেন্টরলিংক ওয়েব সাইটে আপনি নাম নিবন্ধন করতে পারেন। www.mentorlink.org –এই ওয়েব সাইটে যান এবং MentorLink Institute অনুসন্ধান করুন।

আরো তথ্যের জন্য

ভিজিট করুন: www.mentorlink.org